লেকচার সিরিজের
SURE SUCCESS

Short
সিলেবাসে

# HSC সৃজনশীল

# সেইভ ইজি টু টেস্ট পেপারস

## মনোবিজ্ঞান
দ্বিতীয় পত্র

বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র

## ঢাকা, রাজশাহী, যশোর, কুমিল্লা, চট্টগ্রাম, বরিশাল, ময়মনসিংহ বোর্ড ২০২৩

বিষয় কোড : 1 2 4

সেট : ৪ সময়–২ ঘণ্টা ৩৫ মিনিট


### মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ **দৃশ্যকল্প-১ :** পলির বয়স ৯ বছর ৪ মাস। সে ৭ বছর ৬ মাসের বেশি বয়সোপযোগী প্রশ্নের উত্তর দিতে পারে না।

**দৃশ্যকল্প-২ :**




ক. IQ কী? ১

খ. কোন ধরনের বুদ্ধি প্রতিবন্ধী শিশুরা শিক্ষালাভের যোগ্য এবং কেন? ২

গ. দৃশ্যকল্প-১ এ পলির IQ নির্ণয় কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর B চিহ্নিত স্থানের ধরনগুলো তুলনামূলক বিবরণ দাও। ৪

২ ▶ হাফিজ ও হারিস দুই ভাই। হাফিজ শারীরিকভাবে সুস্থ তবে তার ভালো-মন্দ বিচার ক্ষমতা কম। সে সামান্য লিখতে ও পড়তে পারে। অন্যদিকে তার ভাই হারিস বরাবরই ক্লাসে প্রথম স্থান অধিকার করে। বন্ধুদের তুলনায় তার আবেগ নিয়ন্ত্রণ ক্ষমতা অনেক বেশি। বিজ্ঞান মেলায় বিদ্যুৎ সাশ্রয়ী প্রযুক্তি উদ্ভাবন করে সে সবাইকে তাক লাগিয়ে দেয়।

ক. কৃতি অভীক্ষা কী? ১


খ. স্ট্যানফোর্ড বিনে অভীক্ষাকে ভাষাভিত্তিক অভীক্ষা বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে হাফিজের প্রতিবন্ধিতার ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে হারিসের মধ্যে লক্ষণীয় বৈশিষ্ট্যগুলো পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩ ▶ **দৃশ্যকল্প-১ :** ফারুক গোলগাল ও মেদবহুল দেহের অধিকারী। সে সহজেই আনন্দিত হয় আবার বিষাদগ্রস্ত হয়ে পড়ে।

**দৃশ্যকল্প-২ :**




ক. মৌলিক সংলক্ষণ কী? ১

খ. অন্তর্মুখী ব্যক্তিত্ব গুরুত্বপূর্ণ কেন? ২

গ. দৃশ্যকল্প-১ এ ফারুকের মধ্যে ব্যক্তিত্বের যে শ্রেণি লক্ষণীয় তা ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ ব্যক্তিত্ব পরিমাপে B ও C এর গুরুত্ব আলোচনা কর। ৪

৪ ▶ রিনা, বেবি ও মিতু তিন বোন। রিনা অজানাকে জানতে এবং নতুন কিছু আবিষ্কার করতে পছন্দ করে। মিতুর চাওয়া-পাওয়া অন্যদের তুলনায় বেশি। সে সবার উপর প্রভাব খাটাতে পছন্দ করে। অন্যদিকে বেবি একা থাকতে পারে না। মানুষের বিপদে সে সাহায্য করে আনন্দ পায়।

ক. মূল্যবোধ গঠনের প্রধান মাধ্যম কোনটি? ১

খ. ধর্মীয় মূল্যবোধ গুরুত্বপূর্ণ কেন? ২

গ. উদ্দীপকে রিনা কোন মূল্যবোধসম্পন্ন তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বেবি ও মিতুর মূল্যবোধের মধ্যে তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৫ ▶ সবুজ ও আসাদ সহপাঠী। অসচ্ছল পরিবারের সবুজ বহু চেষ্টা করেও কোনো চাকরি পাচ্ছে না। তাছাড়া তার কিছু শারীরিক সমস্যাও বিদ্যমান। অন্যদিকে, পড়ালেখা শেষে আসাদ একত্রে দু'টি চাকরির নিয়োগপত্র পায়। এর একটি তার নিজ জেলায় কিন্তু বেতন-ভাতা কম। অন্যটি দুর্গম এলাকায় তবে বেতন ও সুযোগ-সুবিধা বেশি। কিন্তু সে কোনটিতে যোগদান করবে তা নিয়ে বেশ চিন্তিত।


ক. হতাশা কী? ১

খ. চাপ হ্রাসে সামাজিক সহায়তা গুরুত্বপূর্ণ কেন? ২


গ. সবুজের মধ্যে সৃষ্ট সমস্যার কারণসমূহ ব্যাখ্যা কর। ৩

ঘ. আসাদের মধ্যে সৃষ্ট সমস্যা উদাহরণসহ বিশ্লেষণ কর। ৪

৬ ▶ **দৃশ্যকল্প-১ :**




**দৃশ্যকল্প-২ :**




ক. কর্মভার কী? ১


খ. "জলে কুমির ডাঙ্গায় বাঘ"– কে বিকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্ব বলা হয় কেন? ২

গ. দৃশ্যকল্প-১ এর A চিহ্নিত অংশটি ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর C ও E এর মধ্যে তুলনামূলক বিবরণ দাও। ৪

৭ ▶ **দৃশ্যকল্প-১ :** ড. রিয়াজ তাঁর পরীক্ষণে চলের নিয়ন্ত্রণ করাসহ বস্তুনিষ্ঠতার নীতি অনুসরণ করেন।

**দৃশ্যকল্প-২ :**





ক. প্রকল্প কী? ১

খ. পরীক্ষণে 'পরীক্ষণ দল' গুরুত্বপূর্ণ কেন? ২

গ. দৃশ্যকল্প-১ এ ড. রিয়াজের ব্যবহৃত পদ্ধতির অসুবিধাগুলো লেখ। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর B ও C অংশের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৮ ▶




ক. চল কী? ১

খ. 'নিয়ন্ত্রণ' পরীক্ষণ পদ্ধতির অন্যতম বৈশিষ্ট্য কেন? ২

গ. চল নিয়ন্ত্রণে C অংশটি ব্যাখ্যা কর। ৩

ঘ. চল নিয়ন্ত্রণে B ও E অংশের ভূমিকা বর্ণনা কর। ৪

SURE SUCCESS

সেট : ২

# সিলেট ও দিনাজপুর বোর্ড ২০২৩

বিষয় কোড : 1 2 4

সময়–২ ঘণ্টা ৩৫ মিনিট

## মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

**১ ▸** সজলের বয়স ৮ বছর। সে ৬ বছর বয়সী সকল প্রশ্নের উত্তর দিয়ে ৭ বছর বয়সোপযোগী ১টি প্রশ্নের উত্তর দিতে পারে। অন্যদিকে তার ভাই নেহাল বিভিন্ন শব্দের দ্রুত ও বহুবিধ ব্যবহারে দক্ষ। সে যে কোনো সমস্যার দ্রুত সমাধান করে। তাছাড়া সাহিত্য, সঙ্গীত ও সামাজিক কর্মকাণ্ডে বেশ আগ্রহী।

ক. বুদ্ধি অভীক্ষা কী? ১

খ. কার্য সম্পাদনমূলক বুদ্ধি অভীক্ষা গুরুত্বপূর্ণ কেন? ২

গ. উদ্দীপকে সজলের বুদ্ধ্যঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে নেহালের মধ্যে যে বৈশিষ্ট্য বিদ্যমান তা আলোচনা কর। ৪

**২ ▸** জামাল ও রিমা দম্পতি আপন খালাতো ভাইবোন। তাদের মেয়ে কাজলের বাক্‌শক্তি ও শারীরিক দক্ষতার অভাব আছে। তার চেহারাতে বোকা বোকা ভাবসহ পড়ালেখাতেও বেশ পিছিয়ে আছে। জামাল ও রিমা মেয়ের সমস্যা নিরসনের জন্য নিয়মিত মনোবিজ্ঞানী ও ডাক্তারের পরামর্শ নিচ্ছেন।

ক. মেধা কী? ১


খ. ব্যক্তিতে ব্যক্তিতে বুদ্ধির পার্থক্য হয় কেন? ২

গ. উদ্দীপকে কাজলের সমস্যাকে কী বলে? এর বৈশিষ্ট্য লেখ। ৩

ঘ. কাজলের সমস্যা নিরসনের জন্য বাবা মা কী ধরনের পদক্ষেপ নিয়েছেন? আলোচনা কর। ৪

**৩ ▸ দৃশ্যকল্প-১ :** ড. ছালাম তাঁর গবেষণায় চলের নিয়ন্ত্রণ করাসহ বার বার পরীক্ষা করে ফলাফলের সত্যতা যাচাই করেন।

**দৃশ্যকল্প-২ :**




ক. সমস্যা কী? ১

খ. পরীক্ষণে 'নিয়ন্ত্রিত দল' গুরুত্বপূর্ণ কেন? ২

গ. দৃশ্যকল্প-১ এ ড. ছালামের ব্যবহৃত পদ্ধতির সুবিধাগুলো লেখ। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর 'খ' ও 'গ' অংশের তুলনামূলক বিবরণ দাও। ৪

**৪ ▸ দৃশ্যকল্প-১ :**


চিত্র-ক


চিত্র-খ

**দৃশ্যকল্প-২ :** জনাব রাশেদ তাঁর শিক্ষার্থীদের বলেন, হ্যাঁ-না বা সত্য-মিথ্যা উত্তরের সাহায্যে ব্যক্তিত্ব পরিমাপ করা যায়।


ক. ব্যক্তিত্ব পরিমাপের পদ্ধতি কয়টি? ১

খ. প্রক্ষেপণমূলক অভীক্ষাকে প্রতিফলনমূলক অভীক্ষা কেন বলে? ২

গ. দৃশ্যকল্প-২ এ জনাব রাশেদ ব্যক্তিত্ব পরিমাপের যে পদ্ধতির কথা বলেছেন তা ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-১ এ 'ক' ও 'খ' অভীক্ষা দুটি একই না ভিন্ন? বিশ্লেষণ কর। ৪

**৫ ▸ দৃশ্যকল্প-১ :**



**দৃশ্যকল্প-২ :** মনোবিজ্ঞানী শেলডন ব্যক্তির মেজাজ ও মানসিক গুণাবলির উপর ভিত্তি করে একটি শ্রেণিবিভাগ করেন।

ক. ব্যক্তিত্ব কী? ১

খ. কবি সাহিত্যিক, বিজ্ঞানী অন্তর্মুখী ব্যক্তিত্বের অধিকারী হয় কেন? ২

গ. দৃশ্যকল্প-১ এর চিত্রটি ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-১ এর সাথে দৃশ্যকল্প-২ এর শ্রেণিবিভাগের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

**৬ ▸ দৃশ্যকল্প-১ :**




**দৃশ্যকল্প-২ :**




ক. হতাশা কী? ১

খ. পরিবেশগত প্রতিবন্ধকতা কীভাবে হতাশা সৃষ্টি করে? ২

গ. দৃশ্যকল্প-১ এর চিত্রটি ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর চিত্রটি শনাক্তকরণসহ এর মোকাবেলা করার কৌশলসমূহ বর্ণনা কর। ৪

**৭ ▸ দৃশ্যকল্প-১ :** জনাব সিরাজ আগামীতে নির্বাচন করতে চায়। তাই সে জনগণের সাথে মিশে এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজ করে যাচ্ছে।

**দৃশ্যকল্প-২ :**






ক. ধর্মীয় মূল্যবোধ কী? ১

খ. সামাজিক মূল্যবোধ গুরুত্বপূর্ণ কেন? ২

গ. দৃশ্যকল্প-১ এর জনাব সিরাজের মূল্যবোধ ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ প্রদর্শিত মূল্যবোধের মাধ্যম দুটির তুলনামূলক আলোচনা কর। ৪

**৮ ▸**




ক. চল্‌ কী? ১

খ. 'নিয়ন্ত্রণ' পরীক্ষণ পদ্ধতির অন্যতম বৈশিষ্ট্য কেন? ২

গ. চল্‌ নিয়ন্ত্রণে 'খ' অংশটির গুরুত্ব আলোচনা কর। ৩

ঘ. চল্‌ নিয়ন্ত্রণে 'গ' ও 'ঘ' অংশের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

সেট : ১

# ঢাকা, যশোর, কুমিল্লা ও দিনাজপুর বোর্ড ২০২২


বিষয় কোড : 1 2 4

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট **মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ **দৃশ্যকল্প-১ :** রিতার বয়স ৮ বছর। একটি বুদ্ধি অভীক্ষায় সে ৯ বছর বয়স উপযোগী সকল প্রশ্নের সঠিক উত্তর দেয় এবং ১০ বছর বয়স উপযোগী ৩টি প্রশ্নের সঠিক উত্তর দেয়।

**দৃশ্যকল্প-২ :**




ক. মানসিক বয়স কাকে বলে? ১


খ. স্ট্যানফোর্ড বিনে বুদ্ধি অভীক্ষাকে ভাষাভিত্তিক বুদ্ধি অভীক্ষা বলা হয় কেন? ২

গ. রিতার বুদ্ধ্যঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর ‘গ’ এবং ‘ঘ’ এর মধ্যে তুলনামূলক পার্থক্য বিশ্লেষণ কর। ৪

২ ▶ **দৃশ্যকল্প-১ :** আকাশের প্রকৃত বয়স ১৬ বছর। তার মানসিক বয়স ৯ বছরের মতো। তার বিচার বিশ্লেষণ করার ক্ষমতা কম। তবে তার কোনো শারীরিক বৈকল্য নেই। সে অন্যের সাহায্য ছাড়াই জীবন-যাপন করতে পারে।

**দৃশ্যকল্প-২ :**




ক. বুদ্ধির সংজ্ঞা দাও। ১

খ. বুদ্ধি পরিমাপের কার্যসম্পাদনী অভীক্ষা প্রয়োজনীয় কেন? ২

গ. ‘গ’ ধরনের বুদ্ধি প্রতিবন্ধিতার বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. আকাশের বুদ্ধি প্রতিবন্ধিতাকে কেন শিক্ষা লাভের যোগ্য বলে বিবেচনা করা হয়? তোমার মতামত দাও। ৪

৩ ▶ **দৃশ্যকল্প-১ :** রবি সবসময় নিজেকে নিয়ে ব্যস্ত থাকে। সে সহজে কারো সাথে মিশতে পারে না। তার বন্ধুর সংখ্যা খুবই কম। তার ভাই আলো বন্ধু মহলে খুবই জনপ্রিয়। কারও সাথে রাগ করে বেশি সময় থাকতে পারে না।

**দৃশ্যকল্প-২ :** নীলা বেশ কিছুদিন যাবৎ স্বাভাবিক আচরণ করছে না। এজন্য তার বাবা তাকে নিয়ে একজন মনোবিজ্ঞানীর কাছে গেলেন। মনোবিজ্ঞানী নীলাকে কতগুলো কার্ডের মাধ্যমে ছবি দেখালেন এবং এর ভিত্তিতে একটি গল্প লিখতে বললেন। এই গল্পের ভিত্তিতে মনোবিজ্ঞানী নীলার সমস্যা চিহ্নিত করলেন এবং পরামর্শ দিলেন।

ক. ব্যক্তিত্বের সংজ্ঞা দাও। ১

খ. ব্যক্তিত্ব পরিমাপে সাক্ষাৎকার পদ্ধতি গুরুত্বপূর্ণ কেন? ২

গ. রবি এবং আলোর ব্যক্তিত্বের ধরনের তুলনামূলক পার্থক্য লিখ।৩

ঘ. নীলার সমস্যা চিহ্নিত করতে মনোবিজ্ঞানী কোন অভীক্ষা ব্যবহার করেছেন? বিশ্লেষণ কর। ৪

৪ ▶ কোভিড ১৯ অতিমারীর কারণে দীর্ঘদিন স্কুল বন্ধ থাকার কারণে দীপার নানা ধরনের অসুস্থতা এবং আবেগীয় সমস্যা দেখা দিয়েছে। অপরদিকে তার বোন লিলি ভালো বেতনে একটি চাকুরী পেয়েছে, কিন্তু চাকুরীস্থল খুবই দুর্গম বন অঞ্চলে। লিলি সিদ্ধান্ত নিতে পারছে না।

ক. দ্বন্দ্ব কাকে বলে? ১

খ. ‘জলে কুমির ডাঙ্গায় বাঘ’ কে বিকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্বের উদাহরণ বলা হয় কেন? ২

গ. লিলির মধ্যে পরিলক্ষিত দন্দ্বের বিবরণ দাও। ৩

ঘ. দীপার মধ্যে যে ধরনের চাপমূলক পরিস্থিতির সৃষ্টি হয়েছে তার তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৫ ▶ রহিম খুবই মেধাবী ছাত্র। কিন্তু দুর্ভাগ্যবশত সে বুয়েটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা অর্জন করতে পারেনি। ফলে সে মানসিকভাবে খুবই অস্বস্তি বোধ করছে। তার বড় ভাই মিজান একজন বেসরকারি চাকুরিজীবী। তাকে অফিসে প্রচুর কাজ করতে হয়। ফলে সে প্রায়ই মাথা ব্যথা, ক্লান্তি, অমনোযোগ ও ধৈর্যহীনতায় ভোগে।

ক. হতাশার সংজ্ঞা দাও। ১

খ. অবদমনকে আত্মরক্ষামূলক কৌশল বলা হয় কেন? ২

গ. রহিমের মধ্যে যে মানসিক অবস্থার সৃষ্টি হয়েছে তার উৎসসমূহ বর্ণনা কর। ৩

ঘ. মিজানের সমস্যা সমাধানের কৌশলগুলোর বিবরণ দাও। ৪

৬ ▶ জেরিন সবকিছুতেই সৌন্দর্য খুঁজে বেড়ায়। সে ছবি আঁকে, গান গায়। তার বাবা হারুন সাহেব একজন আদর্শ শিক্ষক। তিনি গ্রামের সকল মানুষকে ভালোবাসেন এবং বিপদে সাহায্য করেন। তিনি নিজের কথা কখনো চিন্তা করেন না। তিনি গ্রামে একটা স্কুল ও মসজিদ স্থাপন করেছেন।

ক. মূল্যবোধের সংজ্ঞা দাও। ১

খ. সমাজ ও কৃষ্টি কীভাবে মূল্যবোধ গঠনে সাহায্য করে? ২

গ. জেরিনের মধ্যে কোন ধরনের মূল্যবোধ লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. হারুন সাহেবের মধ্যে একাধিক মূল্যবোধ লক্ষ্যণীয়— এ ব্যাপারে তোমার মতামত দাও। ৪

৭ ▶ জুনায়েদ একজন আলোকিত মানুষ। সে সৎ, নির্ভীক এবং দেশপ্রেমিক। তার মা বাবা ছোট বেলা থেকে কঠোর নিয়ম শৃঙ্খলার মাধ্যমে বড় করেছেন। সে তার শিক্ষক ও সহপাঠীদের থেকে অনেক কিছু শিখেছে। এটি তাকে প্রকৃত মানুষ হিসেবে গড়ে তুলেছে। তার ভাই নবীন ব্যবসা-বাণিজ্যে খুবই আগ্রহী। সে প্রচুর সম্পত্তির মালিক হতে চায়।

ক. তাত্ত্বিক মূল্যবোধ কী? ১


খ. মূল্যবোধ সমাজের চালিকাশক্তি কেন? ২

গ. নবীনের মধ্যে যে ধরনের মূল্যবোধ দেখা যায় তা ব্যাখ্যা কর। ৩

ঘ. যে সব মাধ্যম জুনায়েদের মূল্যবোধ গঠনে প্রভাব বিস্তার করেছে তা বর্ণনা কর। ৪

৮ ▶ **দৃশ্যকল্প-১ :** ডঃ শাহীন দুর্ভিক্ষ ও বিবাহ বিচ্ছেদের উপর একটি গবেষণা পরিচালনা করেন। অপরদিকে তাঁর সহকর্মী ডঃ রায়হান শিশুর আবেগ নিয়ে একটি গবেষণা পরিচালনা করেন। এজন্য তিনি টেপরেকর্ডার ও ক্যামেরার সাহায্য নেন।

**দৃশ্যকল্প-২ :**




ক. বাহ্যিক চল নিয়ন্ত্রণের কৌশল কয়টি? ১

খ. পরস্পর বিরোধী ফলাফলকে সমস্যার উৎস বলা হয় কেন?২

গ. ‘খ’ চলটির বর্ণনা দাও। ৩

ঘ. ডঃ শাহীন ও ডঃ রায়হানের গবেষণায় ব্যবহৃত পদ্ধতি দুটির তুলনামূলক মূল্যায়ন কর। ৪

সেট : ৩

## রাজশাহী, চট্টগ্রাম, সিলেট, বরিশাল ও ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 1 2 4

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

### মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

**১ ▶** মিতা, মিনা ও রাখি তিন বান্ধবী। তারা বুদ্ধি পরিমাপের জন্য মনোবিজ্ঞানীর নিকট গেল। মনোবিজ্ঞানী মিতাকে লাল ও সাদা রঙের তৈরি বেশ কিছু নকশা সম্বলিত কার্ড এবং আয়তাকার ও বর্গাকার কিছু গুটি দিলেন। এলোমেলো গুটিগুলোকে কার্ডের নকশা অনুযায়ী সাজাতে বললেন। অন্যদিকে মিনাকে ছবি সম্বলিত বেশ কিছু কার্ড দিলেন। কার্ডগুলোকে এমনভাবে সাজাতে বললেন যেন একটি অর্থপূর্ণ গল্প হয়। আর রাখিকে সংখ্যার সাতটি সারি সামনের দিকে এবং সাতটি সারি পেছনের দিকে পুনরাবৃত্তি করতে বললেন। তারা সকলেই কাজগুলো করতে পেরে বেশ মজা পেল।

ক. বুদ্ধি কী? ১

খ. বুদ্ধ্যঙ্ক নির্ণয়ে মানসিক বয়স প্রয়োজন কেন? ২

গ. রাখির ক্ষেত্রে কোন ধরনের অভীক্ষার কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মিতা ও মিনার উপর আরোপিত অভীক্ষা কী একই না ভিন্ন? বিশ্লেষণ কর। ৪

**২ ▶ দৃশ্যকল্প-১ :** আলী হালকা পাতলা গড়নের। সে আত্মকেন্দ্রিক ও নির্জনতাপ্রিয়।

**দৃশ্যকল্প-২ :** কার্ল ইয়ং এর ব্যক্তিত্বের প্রকারভেদ → (ক), (খ)

ক. সংলক্ষণ কী? ১

খ. ক্রেৎস্মারের শারীরিক মতবাদটি কেন বিজ্ঞানসম্মত নয়? ২

গ. দৃশ্যকল্প-১ এ আলীর মধ্যে শেলডনের কোন ধরনের ব্যক্তিত্ব প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ 'ক' ও 'খ' চিহ্নিত ব্যক্তিত্বের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

**৩ ▶ দৃশ্যকল্প-১ :** মুহিব সব সময় নিজেকে নিয়ে ব্যস্ত থাকে। সে সহজে কারো সাথে মিশতে পারে না। তার বন্ধুর সংখ্যা খুবই কম। তার ভাই শহীদ বন্ধু মহলে খুবই জনপ্রিয়। কারো সাথে রাগ করে সে বেশিক্ষণ থাকতে পারে না।

**দৃশ্যকল্প-২ :** বেলা বেশ কিছুদিন যাবৎ অস্বাভাবিক আচরণ করছে। এজন্য তার বাবা তাকে নিয়ে একজন মনোবিজ্ঞানীর কাছে গেলেন। মনোবিজ্ঞানী বেলাকে কতগুলো কার্ডের মাধ্যমে ছবি দেখালেন এবং এর ভিত্তিতে একটি গল্প লিখতে বললেন। এই গল্পের ভিত্তিতে মনোবিজ্ঞানী বেলার সমস্যা চিহ্নিত করলেন এবং পরামর্শ দিলেন।

ক. ব্যক্তিত্বের সংজ্ঞা দাও। ১

খ. ব্যক্তিত্ব পরিমাপে সাক্ষাৎকার পদ্ধতি গুরুত্বপূর্ণ কেন? ২

গ. মুহিব ও শহীদের ব্যক্তিত্বের ধরনের পার্থক্য লেখ। ৩

ঘ. বেলার সমস্যা চিহ্নিত করতে মনোবিজ্ঞানী কোন অভীক্ষা ব্যবহার করেছেন? বিশ্লেষণ কর। ৪

**৪ ▶ দৃশ্যকল্প-১ :**



**দৃশ্যকল্প-২ :** ছবি ও দিবা দুই বোন। ছবি বাস্তববাদী। তার কাছে অর্থ উপার্জন নৈতিকতার চেয়েও বেশি। অন্যদিকে দিবা সৌন্দর্য পিপাসু এবং সে সব কিছুর মধ্যেই সৌন্দর্য খুঁজে পায়।

ক. মূল্যবোধ কী? ১

খ. কেন মূল্যবোধকে সমাজের চালিকা শক্তি বলা হয়? ২

গ. দৃশ্যকল্প-১ এর চিহ্নিত চিত্রটি কীভাবে মূল্যবোধ গঠনে ভূমিকা রাখে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ ছবি ও দিবার মূল্যবোধগুলোর তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

**৫ ▶** নিচের উদ্দীপকের আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও—

চল → ক, নির্ভরশীল চল, গ, ঘ

ক. পরীক্ষণ পদ্ধতি কী? ১

খ. পুনরাবৃত্তিকে কেন পরীক্ষণ পদ্ধতির গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য বলা হয়? ২

গ. 'ক' চিহ্নিত চলের ব্যাখ্যা দাও। ৩

ঘ. পরীক্ষণে 'গ' ও 'ঘ' চলের গুরুত্ব আলোচনা কর। ৪

**৬ ▶** সন্তান সম্ভবা মিলি একটি বিউটি পার্লারে কাজ করে। নির্দিষ্ট সময়ের পূর্বে সে একটি অপুষ্ট সন্তান জন্ম দেয়। এখন তার সন্তানের বয়স ১০ বছর। অথচ এই বয়সেও সে অন্যের সাহায্য ছাড়া নিজের কোনো কাজই করতে পারে না। তার পারিবারিক অক্ষমতা ও কথা বলার জড়তা আছে।

ক. ভাষাগত বুদ্ধি অভীক্ষা কী? ১

খ. সৃজনশীলতাকে মেধার চূড়ান্ত অভিব্যক্তি বলা হয় কেন? ২

গ. মিলির সন্তান কোন ধরনের বুদ্ধি প্রতিবন্ধী? ব্যাখ্যা কর। ৩

ঘ. মিলির সন্তান বুদ্ধি প্রতিবন্ধী হবার কারণসমূহ আলোচনা কর। ৪

**৭ ▶ দৃশ্যকল্প-১ :** বিসিএস পরীক্ষায় পরীক্ষক সানজিদাকে সামনাসামনি বসিয়ে কথোপকথোনের মাধ্যমে তার ব্যক্তিগত বিষয়ের উপর নানা ধরনের প্রশ্ন জিজ্ঞাসা করেন।

**দৃশ্যকল্প-২ :**

| ছক-১ | ছক-২ |
|---|---|
| i. সবচেয়ে বেশি ব্যবহৃত অভীক্ষা। | i. ১৯৩৫ সালে প্রণয়ন। |
| ii. সুইজারল্যান্ডের মনোচিকিৎসক দ্বারা প্রণয়ন। | ii. ১৯টি অস্পষ্ট, ১টি ফাঁকা কার্ডসহ মোট ২০টি কার্ড। |
| iii. অর্থহীন ছাপযুক্ত কিন্তু অর্থহীন ১০টি কার্ড। | iii. প্রতিটি কার্ডের বিপরীতে গল্প রচনা করতে হবে। |

ক. পেপার পেন্সিল অভীক্ষা কী? ১

খ. সংলক্ষণ ব্যক্তির আচরণকে কীভাবে প্রভাবিত করে? ২

গ. সানজিদাকে কোন পদ্ধতির সাহায্যে মূল্যায়ন করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ছক-১ ও ছক-২ এ নির্দেশিত অভীক্ষাগুলোতে যেসব বৈশিষ্ট্যের ভিত্তিতে ব্যক্তিত্ব মূল্যায়ন করা হয় তা আলোচনা কর। ৪

**৮ ▶ দৃশ্যকল্প-১ :** শরীফ এইচএসসি পরীক্ষার্থী। কয়েকদিন ধরে সে পড়াশুনায় মনোযোগ দিতে পারছে না। তার ভীষণ ক্লান্তি লাগে, ঘুমঘুমভাব আসে, মাথা ব্যথা করে। এজন্য সে ডাক্তারের কাছে যায়।

**দৃশ্যকল্প-২ :** ঈদের ছুটিতে বাড়ি যাবার জন্য দুই ঘণ্টা লাইনে দাঁড়িয়ে থেকেও টিকেট না পাওয়ায় আরিফের মন খারাপ হয়ে গেল। অন্যদিকে সোমার নায়িকা হওয়ার স্বপ্ন থাকলেও অতিরিক্ত মোটা হবার জন্য তার সেই স্বপ্ন আর পূরণ হলো না।

ক. মানসিক চাপ কী? ১

খ. বাবা-মায়ের বিচ্ছেদ কীভাবে সন্তানের মধ্যে মানসিক চাপ সৃষ্টি করে? ২

গ. দৃশ্যকল্প-১ এ শরীফের এই অবস্থাকে মনোবিজ্ঞানের ভাষায় কী বলে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ আরিফ ও সোমার সমস্যার উৎস কী একই না ভিন্ন? তোমার মতামত দাও। ৪

সেট : ক

# ঢাকা, সিলেট, বরিশাল ও দিনাজপুর বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 2 4

সময়–২ ঘণ্টা ৩৫ মিনিট

## মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ দৃশ্যকল্প–১ : অনিকের বয়স ৮ বছর। কিন্তু সে তার বয়স অনুযায়ী অন্য শিশুদের তুলনায় ধীরগতিসম্পন্ন এবং শিক্ষা গ্রহণে অক্ষম।

দৃশ্যকল্প–২ : নেহালের বয়স ১০ বছর। তার বাবা নেহালের বুদ্ধি পরিমাপের জন্য মনোবিজ্ঞানীর শরণাপন্ন হলেন। মনোবিজ্ঞানী পরীক্ষা করে দেখলেন যে, নেহাল ১১ বছর বয়স উপযোগী সকল প্রশ্নের সঠিক উত্তর দিতে পারল এবং ১২ বছরের অর্ধেক প্রশ্নের সঠিক উত্তর দিতে সক্ষম হল।

ক. মানসিক বয়স কী? ১

খ. স্ট্যানফোর্ড বিনে অভীক্ষাকে ভাষাভিত্তিক বুদ্ধি অভীক্ষা বলা হয় কেন? ২

গ. দৃশ্যকল্প–২ অনুযায়ী নেহালের বুদ্ধ্যঙ্ক কত? ৩

ঘ. দৃশ্যকল্প–১ এর বৈশিষ্ট্য অনুসারে অনিককে কী বলা যায়? এর অন্যান্য বৈশিষ্ট্যগুলি বর্ণনা কর। ৪

২ ▸ জনাব মেহের তার অফিসের জন্য ১০ জন আবেদনকারীর মধ্য থেকে সামনাসামনি বসে পারস্পরিক কথোপকথনের মাধ্যমে লাবলু ও মুকুলকে নির্বাচন করলেন। কিছুদিন পর মেহের লক্ষ্য করলেন বৈশিষ্ট্যের দিক থেকে লাবলু ও মুকুল দুধরনের ব্যক্তিত্বের অধিকারী। লাবলু খুব চিন্তাশীল ও সৃজনশীল। পক্ষান্তরে মুকুল খুব সহজে অন্যের সাথে মিশতে পারে, অন্যের উপকারে ঝাঁপিয়ে পড়ে।

ক. ব্যক্তিত্বের সংজ্ঞা দাও। ১

খ. পৃথিবীর সকল মানুষই পরস্পর আলাদা কীভাবে? ২

গ. জনাব মেহের তার অফিসের জন্য মুকুল ও লাবলুকে কোন পদ্ধতির সাহায্যে নির্বাচন করলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে লাবলু এবং মুকুলের ব্যক্তিত্বের তুলনামূলক আলোচনা কর। ৪

৩ ▸ দৃশ্যকল্প-১ : রিয়া বন্ধুদের সাথে আলাপকালে দক্ষিণ এশিয়ার একটা দেশ সম্পর্কে বলে ওখানকার মানুষেরা উন্নত, অতিমাত্রায় বস্তুবাদী এবং বৃদ্ধরা রক্ষণশীল।

দৃশ্যকল্প-২ : লাবিবা বিশেষ একটা জনগোষ্ঠীর জীবন-যাপন প্রণালী নিয়ে পত্রিকার খবর পড়ে মন খারাপ করল। সে বিশেষ জনগোষ্ঠীর সাথে সমাজের বেশিরভাগ মানুষ একই সাথে স্কুলে পড়াশুনা করে না।

ক. মনোভাবের সংজ্ঞা দাও। ১

খ. অবহিতিমূলক উপাদান ব্যাখ্যা কর। ২

গ. রিয়ার ধারণাকে মনোবিজ্ঞানের ভাষায় কী বলা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ পত্রিকার খবরে কোন ধারণার প্রকাশ পেয়েছে এবং সেটি হ্রাসের ব্যাপারে তোমার মতামত দাও। ৪

৪ ▸ দৃশ্যকল্প-১ : জনি বন্ধু, পরিচিতজন, প্রতিবেশির সাথে তুচ্ছ কারণে আক্রমণাত্মক আচরণ করে। এমনকি কখনো কখনো মারধরও করে থাকে। তাই সবাই জনিকে এড়িয়ে চলে।

দৃশ্যকল্প-২ : রেহানা বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে প্রশাসন ক্যাডারে ১ম হয়েছেন। সাংবাদিকদের সাথে সাক্ষাৎকারে রেহানা বলেন, তার বাবা-মা, ভাই-বোনদের সর্বাত্মক সহযোগিতা, অনুপ্রেরণা ছিল সব সময়। তাছাড়া শিক্ষা প্রতিষ্ঠানের কিছু ভালো শিক্ষকের সান্নিধ্য ও সহযোগিতা তাকে লক্ষ্যে পৌঁছাতে প্রেরণা জুগিয়েছে।

ক. প্রথা বিরোধিতা কী? ১

খ. স্নেহ ও ভালোবাসা কীভাবে আন্তঃব্যক্তিক আকর্ষণ নির্ণয়কারী উপাদান হিসাবে কাজ করে? ২

গ. উদ্দীপকে জনির আচরণকে মনোবিজ্ঞানের ভাষায় কী বলা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. "রেহানার সাফল্যের জন্য সমাজীকরণে একাধিক মাধ্যমের প্রভাব বিদ্যমান।" — উক্তিটি মূল্যায়ন কর। ৪

৫ ▸ দৃশ্যকল্প-১ : জনাব আবদুল করিম একটি বিদেশি কোম্পানির উচ্চ পদস্থ কর্মকর্তা। ইদানিং কাজের চাপের কারণে তাকে অতিরিক্ত সময় অফিসে কাটাতে হয়। আজকাল অফিসে প্রায়ই তার মাথা ব্যথা এবং কাজের প্রতি অনাগ্রহ ইত্যাদি সমস্যাগুলো দেখা দিচ্ছে।

দৃশ্যকল্প-২ : এইচএসসি পাশের পর সোমা বুয়েটে ভর্তি পরীক্ষার জন্য প্রস্তুতি নিয়ে তৈরি করেছিল নিজেকে। কিন্তু বুয়েটে ভর্তি পরীক্ষায় সে কৃতকার্য হতে পারেনি। তাই সে মানসিকভাবে প্রচণ্ড রকম ভেঙ্গে পড়েছে।

ক. চাপ কী? ১

খ. 'জলে কুমির ডাঙায় বাঘ' কে বিকর্ষণ বিকর্ষণ দ্বন্দ্ব বলা হয় কেন? ২

গ. সোমার মানসিক অবস্থাকে মনোবিজ্ঞানের ভাষায় কী বলা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব করিমের সমস্যার সাথে সম্পর্কিত অবস্থাটিকে মনোবিজ্ঞানের ভাষায় কী বলা হয়? এর প্রকারভেদগুলো বিশ্লেষণ কর। ৪

৬ ▸ সোহেল গ্রামবাসীর সবার প্রিয়। সে প্রতিবেশীদের প্রয়োজনে সবার আগে এগিয়ে আসে। সোহেলের বাবা নুরুল ইসলাম একজন আদর্শবান শিক্ষক। নীতি এবং আদর্শের প্রশ্নে তিনি আপোষহীন। তিনি জ্ঞানীয় মনোভাব গ্রহণ করে অন্যের ওপর প্রভাব বিস্তার করতে চান।


ক. Edward Spranger (১৯২৮) মূল্যবোধকে কয় ভাগে ভাগ করেছেন? ১

খ. পরিবারকে মূল্যবোধ গঠনের প্রধান মাধ্যম বলা হয় কেন? ২

গ. সোহেল কোন মূল্যবোধসম্পন্ন ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব নুরুল ইসলামের মূল্যবোধগুলো বিশ্লেষণ কর। ৪

৭ ▸ দৃশ্যকল্প-১ :




দৃশ্যকল্প-২ : জনাব হাসান শিক্ষণে বলবর্ধকের প্রভাব যাচাইয়ের জন্য গবেষণাগারে সুনিয়ন্ত্রিত পরিবেশে গবেষণা পরিচালনা করছেন।

ক. প্রকল্প কী? ১

খ. জ্ঞানের অভাবকে সমস্যার উৎস বলা হয় কেন? ২

গ. দৃশ্যকল্প-১ এ 'A' চিহ্নিত চলের ব্যাখ্যা দাও। ৩

ঘ. জনাব হাসান কোন পদ্ধতির সাহায্যে গবেষণা পরিচালনা করছেন? এ পদ্ধতির বৈশিষ্ট্যগুলো বিশ্লেষণ কর। ৪

৮ ▸ দৃশ্যকল্প-১ : মনোবিজ্ঞান বিষয়ে সাপ্তাহিক পরীক্ষায় ১০ জন শিক্ষার্থী অংশগ্রহন করে। পরীক্ষার মোট নম্বর ছিল ৬০। শিক্ষার্থীরা নিম্নলিখিত নম্বর প্রাপ্ত হয়।

| প্রাপ্ত নম্বরের শ্রেণি | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|
| ৫০ – ৫৪ | ১ |
| ৪৫ – ৪৯ | ২ |
| ৪০ – ৪৪ | ৪ |
| ৩৫ – ৩৯ | ৫ |
| ৩০ – ৩৪ | ৪ |
| ২৫ – ২৯ | ৩ |
| ২০ – ২৪ | ১ |
| | N = ২০ |

ক. বিচ্যুতির পরিমাপ কয়টি? ১

খ. পরীক্ষণের ফলাফল উপস্থাপনে লেখচিত্র গুরুত্বপূর্ণ কেন? ২

গ. দৃশ্যকল্প-১ থেকে বিস্তারমান নির্ণয় কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ থেকে বীজগাণিতিক চিহ্ন বর্জন সাপেক্ষে বিচ্যুতির পরিমাপটি নির্ণয় কর। ৪

SURE SUCCESS

সেট : ক

## রাজশাহী, যশোর, কুমিল্লা ও চট্টগ্রাম বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 2 4

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট **মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

**১ ▸** রবি, নবী ও ছবি, একই গ্রামে বসবাস করে। রবি সামান্য লিখতে পড়তে পারা একজন অদক্ষ শ্রমিক। সে নিজের সমস্যা অন্যের সাহায্য ছাড়া সমাধান করতে পারে না। নবী বাড়ির চারিদিকে একাকী বেড়াতে পারে। তার বাকশক্তি ও শারীরিক দক্ষতায় জড়তা আছে। ছবি অতিশয় সহজ সরলভাবে নিজের মনোভাব প্রকাশ করতে পারে। তবে নিজে কোনো কাজ করতে পারে না।


ক. বুদ্ধি প্রতিবন্ধিতার সংজ্ঞা দাও। ১

খ. সৃজনশীলতা মানুষের জীবন মান উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করে কেন? ২

গ. রবির মধ্যে কোন ধরনের অস্বাভাবিকতা রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. নবী ও ছবির মধ্যে কোন কোন ধরনের প্রতিবন্ধিতা রয়েছে? বিশ্লেষণ কর। ৪

**২ ▸** নিচের চিত্রটি লক্ষ কর :




ক. ব্যক্তিত্ব কী? ১

খ. ব্যক্তিত্বের সংলক্ষণ গুরুত্বপূর্ণ কেন? ২

গ. চিত্রে 'ক' চিহ্নিত অভীক্ষাটি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে প্রদর্শিত 'গ' এবং 'ঘ' চিহ্নিত অভীক্ষাদ্বয়ের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

**৩ ▸** রহিম তার বন্ধু করিমকে বলল, মানব শিশু ধীরে ধীরে বড় হয়ে ওঠার সময় সমাজীকরণের মাধ্যমে তার মধ্যে একটি গুরুত্বপূর্ণ ধারণা বিকাশ লাভ করে থাকে যেটি ইতিবাচক ও নেতিবাচক হতে পারে। এই ধারণার প্রেক্ষিতে ব্যক্তি কোনো কিছুর পক্ষে বা বিপক্ষে মতামত প্রকাশ করে থাকে। অন্যদিকে করিম বলল অর্জিত এই ধারণাটি আবার পরিবর্তনও হয়ে থাকে। এর পরিবর্তন সংক্রান্ত মতবাদগুলোর মধ্যে হাইডার (১৯৫৮, ১৯৬৪) এবং নিউকম্ব (১৯৫৩, ১৯৫৯) প্রণীত মতবাদটি উল্লেখযোগ্য। এই মতবাদে তাঁরা অবিহিতিকে ঐ ধারণার একটি অন্যতম উপাদান বলে উল্লেখ করেছেন।

ক. বদ্ধমূল ধারণা কী? ১

খ. পূর্বসংস্কার সহজাত নয় কেন? ২

গ. রহিম যে ধারণার কথা বলছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. করিম যে মতবাদের প্রতি ইঙ্গিত করছে তার দুটি অবস্থা বিশ্লেষণ কর। ৪

**৪ ▸** রেশমা ও সালমা সহপাঠী। রেশমার গড়ন আকর্ষণীয়। রেশমা ব্রাজিল ফুটবল দলকে পছন্দ করে বলে সালমা তাকে খুব পছন্দ করে। অন্যদিকে শীলা ও সালমা একই সিঁড়ি দিয়ে ওঠানামা করে বলে শীলা সালমার প্রতি আকর্ষণ অনুভব করে।


ক. আন্তঃব্যক্তিক আকর্ষণ কী? ১

খ. পরিচিতিকে আন্তঃব্যক্তিক আকর্ষণের উপাদান বলা হয় কেন? ২

গ. আন্তঃব্যক্তিক আকর্ষণের ক্ষেত্রে রেশমার মধ্যে যে উপাদানটি পরিলক্ষিত হয় তা ব্যাখ্যা কর। ৩

ঘ. আন্তঃব্যক্তিক আকর্ষণের ক্ষেত্রে সালমা ও শীলার মধ্যে যে উপাদান দুটি বিদ্যমান তা বিশ্লেষণ কর। ৪

**৫ ▸** দৃশ্যকল্প-১ :





ক. মানসিক চাপ কী? ১

খ. কর্মবিরতির প্রয়োজন হয় কেন? ২

গ. দৃশ্যকল্প-১ এ পরিলক্ষিত দ্বন্দ্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ মানসিক চাপ মোকাবিলার যে কৌশলগুলির ইঙ্গিত করা হয়েছে; ভিন্ন হলেও সেগুলো একই শ্রেণিভুক্ত-বিশ্লেষণ কর। ৪

**৬ ▸** দৃশ্যকল্প-১ :



দৃশ্যকল্প-২ : বাবুল খুবই মিশুক, সে একা থাকতে পারে না। সৃষ্টিকর্তার প্রতি রয়েছে তার গভীর বিশ্বাস।

ক. ধর্মীয় মূল্যবোধ কী? ১

খ. মূল্যবোধ ও মনোভাবকে অপরের সাথে গভীরভাবে সম্পর্কযুক্ত কেন? ২

গ. দৃশ্যকল্প-১ এ প্রদর্শিত মূল্যবোধের মাধ্যমটি ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ উল্লিখিত মূল্যবোধগুলোর নাম লিখ এবং মানব আচরণে এদের প্রভাব বিশ্লেষণ কর। ৪

**৭ ▸** দৃশ্য-১ : সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা আতিয়া স্বাভাবিক পরিবেশ বজায় রেখে একটি শিশুর আচরণ অবলোকন করছেন। তার স্বাভাবিক আচরণ যাতে বিঘ্নিত না হয় সেদিকেও সতর্ক দৃষ্টি রাখছেন।

দৃশ্য-২ : সীমা একটি শিশুর আচরণ পর্যবেক্ষণের জন্য তাকে গবেষণাগারে নিয়ে আসেন এবং কিছু শর্ত প্রয়োজন অনুসারে বাড়িয়ে কমিয়ে তার আচরণ পর্যবেক্ষণ করেন। সবশেষে প্রাপ্ত উপাত্ত বিশ্লেষণ ও সরলীকরণের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. বৈজ্ঞানিক পদ্ধতি কী? ১

খ. পরীক্ষণ পদ্ধতি সবচেয়ে বেশি ব্যবহৃত হয় কেন? ২

গ. আতিয়ার ব্যবহৃত গবেষণা পদ্ধতির নাম লিখ এবং ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্য-২ এ সীমার ব্যবহৃত পদ্ধতি দুটো উল্লেখ কর এবং তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

**৮ ▸** একাদশ শ্রেণির ফাইনাল পরীক্ষায় ১০ জন শিক্ষার্থীর মনোবিজ্ঞান ও সমাজবিজ্ঞান বিষয়ে প্রাপ্ত নম্বর নিম্নরূপ :

মনোবিজ্ঞান বিষয়ে প্রাপ্ত নম্বর : ৩০, ২৫, ৩৭, ৩৩, ৩৫, ৪০, ৫০, ৪৫, ৬০, ৪৫

সমাজবিজ্ঞান বিষয়ে প্রাপ্ত নম্বর : ৪৫, ৫০, ৬০, ৫৫, ৬৫, ৫০, ৪৭, ৫৩, ৩৮, ৩৭

ক. বিচ্যুতির পরিমাপগুলো কী কী? ১

খ. বর্ণনামূলক পরিসংখ্যান গুরুত্বপূর্ণ কেন? ২

গ. মনোবিজ্ঞান বিষয়ে প্রাপ্ত নম্বরের বীজগাণিতিক চিহ্ন বর্জন সাপেক্ষে সকল বিচ্যুতির গাণিতিক গড় নির্ণয় কর। ৩

ঘ. সমাজবিজ্ঞান বিষয়ে প্রাপ্ত নম্বরের বিচ্যুতির বর্গের গড় নির্ণয় কর। ৪

সেট : ২

# ঢাকা, রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম ও বরিশাল বোর্ড ২০১৮

বিষয় কোড : 1 2 4

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

## মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ তকি ও রকি দুই ভাই। তকি সাবলিল ভাষায় কথা বলে, লেখাপড়ায় ভালো এবং বিভিন্ন বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। রকির কথা বলতে জড়তা থাকায় লেখাপড়া করে নি। তবে কম্পিউটার, ইন্টারনেটসহ বিভিন্ন প্রযুক্তিগত কাজে বেশ পারদর্শী। তাদের শিক্ষক বলেন, "সকলের মেধা একইভাবে বিকশিত হয় না।"

ক. কৃতি অভীক্ষা কী? ১
খ. বুদ্ধির ক্ষেত্রে মানসিক বয়স গুরুত্বপূর্ণ কেন? ২
গ. রকির বুদ্ধি পরিমাপে কোন ধরনের অভীক্ষা ব্যবহার করবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তকি ও রকির বুদ্ধি পরিমাপে প্রযোজ্য অভীক্ষাসমূহের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

২ ▶ **দৃশ্যকল্প-১ :** আনিস চেহারায় গোলগাল, মিশুক ও আরামপ্রিয়। সে সর্বদাই অন্যের ভালোবাসা ও প্রশংসা পেতে চায়।

**দৃশ্যকল্প-২ :** আমিন সুঠাম দেহের অধিকারী। তার কাঁধ ও বুক চওড়া। সে কাজেকর্মে প্রভুত্ব প্রিয়, দৃঢ় প্রতিজ্ঞ ও আক্রমণধর্মী।

ক. ব্যক্তিত্বের সংজ্ঞা দাও। ১
খ. সামাজিক ও উত্তেজনাপ্রবণ ব্যক্তিদেরকে সাইক্লয়েড বলা হয় কেন? ২
গ. আনিসের মধ্যে কোন ধরনের ব্যক্তিত্ব প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "আমিনের মধ্যে একাধিক ব্যক্তিত্বের সংমিশ্রণ রয়েছে।"— উক্তিটির স্বার্থকতা যাচাই কর। ৪

৩ ▶ দৃশ্যকল্প-১ : চৌধুরী সাহেব সর্বদা নিজেকে নিয়ে গর্ববোধ করেন। তিনি মনে করেন তাঁর বংশের লোক ছাড়া অন্যান্য লোকেরা উন্নত চারিত্রিক বৈশিষ্ট্যের অধিকারী নন। তাদের আচার-ব্যবহার চাল-চলন খুবই নিচুমানের। তিনি চান সবাই তার প্রশংসা করুক, সম্মান করুক। তিনি প্রায়ই অন্যদেরকে হেয় করেন।

**দৃশ্যকল্প-২ :** রবি, রাজা ও রাণী একই পাড়ায় বসবাস করেন। দীর্ঘদিন একই পাড়ায় বসবাসের ফলে তাদের পরস্পরের মধ্যে এক ধরনের সখ্যতা গড়ে উঠেছে। পাড়ার লোকেরা বলে, "রবি রাজা ও রাণীকে পছন্দ করে কিন্তু রাজা, রবিকে পছন্দ করলেও রাণীকে অপছন্দ করেন।"

ক. পূর্ব সংস্কার কী? ১
খ. মনোভাব গঠনে পরিবার প্রধান মাধ্যম কেন? ২
গ. চৌধুরী সাহেবের মনোভাবে যে বিষয়টি লক্ষ্য কর যায় তা কীভাবে গঠিত হয় ব্যাখ্যা কর। ৩
ঘ. রবি, রাজা ও রাণীর মনোভাবে যে অবস্থা বিরাজ করছে তা পরিবর্তনের পদক্ষেপসমূহ ব্যাখ্যা কর। ৪

৪ ▶ হিমেল ও রক্তিম দুইজন প্রতিবেশী। হিমেল নিয়মিত স্কুলে যায়। শিক্ষকগণের নির্দেশ অনুযায়ী সে পড়াশুনা করে বলে শিক্ষকগণও তার খুব প্রশংসা করেন। অন্যদিকে রক্তিম পারিবারিক অসচ্ছলতার কারণে স্কুল কলেজের আনুষ্ঠানিক শিক্ষা গ্রহণ করতে পারে নাই। তবে সমবয়সী দল, বিভিন্ন সামাজিক আচার-অনুষ্ঠান, হাটবাজার, খেলার মাঠ ইত্যাদি স্থানে তার সরব উপস্থিতি বিদ্যমান। যার ফলে জীবন-যাপনের প্রয়োজনীয় জ্ঞান তার রপ্ত হয়েছে।

ক. সমাজীকরণ কী? ১
খ. পিতামাতা কীভাবে শিশুর সমাজীকরণকে প্রভাবিত করতে পারে? ২
গ. উদ্দীপকে বর্ণিত হিমেলের সমাজীকরণ প্রক্রিয়া ব্যাখ্যা কর। ৩
ঘ. রক্তিমের সমাজীকরণে কোন মাধ্যমের প্রভাব সর্বাধিক? যুক্তি দাও। ৪

৫ ▶ **দৃশ্যকল্প-১ :** রুবি ঢাকায় একটি বেসরকারি সংস্থায় উচ্চ বেতনে চাকরি করে। সম্প্রতি সে প্রত্যাশিত সরকারি চাকরি পেলেও কর্মস্থল বান্দরবানে হওয়ায় যোগদান করবে কি-না তা নিয়ে সংশয় আছে।

**দৃশ্যকল্প-২ :** বাদশা অনেক দিন আগে এসএসসি পাস করেছে। বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশগ্রহণ করছে। কিন্তু কোথাও চাকরি পাচ্ছে না। তাই সে চাকরির আশা ছেড়ে দিয়ে বলতে শুরু করল মামা, খালু, ঘুষ ছাড়া চাকরি হবে না।

ক. দ্বন্দ্বের সংজ্ঞা দাও। ১
খ. মানসিক চাপ মোকাবেলা করে গুরুত্বপূর্ণ কেন? ২
গ. রুবির মধ্যে কোন ধরনের দ্বন্দ্বের উদ্ভব হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাদশা তার অবস্থান বুঝাতে কোন কোন কৌশলের আশ্রয় নিয়েছে? বিশ্লেষণ কর। ৪

৬ ▶ মি. জাকির একজন সফল ব্যবসায়ী। প্রচুর শিল্প প্রতিষ্ঠান ও বিত্ত বৈভবের মালিক তিনি। নৈতিকতার চেয়ে অর্থ উপার্জন তাঁর জীবনের মূল লক্ষ। অন্যদিকে তাঁর বন্ধু রহমান সাহেবও একজন ব্যবসায়ী। তিনিও বিশ্বাস করেন জীবনের অর্থের প্রয়োজন আছে। তবে তিনি ধর্মীয় ও রাষ্ট্রীয় অনুশাসন কঠোরভাবে মেনে চলেন। এছাড়া তিনি একটি দৃষ্টিনন্দন মসজিদ নির্মাণ করেন যা দেখে সকলেই মুগ্ধ হন। তার মধ্যে অন্যের উপর প্রভাব বিস্তার ও প্রতিযোগিতা করার মানসিকতা বিদ্যমান।

ক. মূল্যবোধের সংজ্ঞা দাও। ১
খ. পরিবারকে মূল্যবোধ গঠনের শক্তিশালী মাধ্যম বলা হয় কেন? ২
গ. মি. জাকিরের মধ্যে কোন ধরনের মূল্যবোধের পরিচয় পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. রহমান সাহেবের আচরণে যে সব মূল্যবোধের প্রভাব পরিলক্ষিত হয় তা বিশ্লেষণ কর। ৪

৭ ▶ মনোবিজ্ঞানের শিক্ষক শ্রেণিকক্ষে শব্দের প্রভাব জানতে চান। এজন্য তিনি ২৫ জন বালক ও ২৫ জন বালিকা নিয়ে দু'টি দল গঠন করেন এবং তাদেরকে দু'টি পৃথক কক্ষের ব্যবস্থা করেন। একটি কক্ষে মাইক, মিছিল ও গাড়ির হর্ণসহ বিভিন্ন ধরনের শব্দ প্রবেশ করতো অন্যটিতে শব্দ নিয়ন্ত্রণের ব্যবস্থা ছিল। ফলাফলে দেখা যায় নিয়ন্ত্রিত কক্ষের শিক্ষার্থীদের শিক্ষণের পরিমাণ ভালো হয়েছে।

ক. চল কী? ১
খ. পরীক্ষণ পদ্ধতিতে পুনরাবৃত্তিতা গুরুত্বপূর্ণ কেন? ২
গ. মনোবিজ্ঞানের শিক্ষক কোন চলের প্রভাব জানতে চেয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. চল নিয়ন্ত্রণের জন্য শিক্ষক কর্তৃক ব্যবহৃত কৌশলসমূহ বিশ্লেষণ কর। ৪

৮ ▶ উচ্চ মাধ্যমিক পরীক্ষায় মনোবিজ্ঞান বিষয়ে ৫০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। পরীক্ষায় মোট নম্বর ছিল ৭৫। শিক্ষার্থীরা নিম্ন প্রদত্ত নম্বর প্রাপ্ত হয় :

| প্রাপ্ত নম্বরের শ্রেণি | শিক্ষার্থী সংখ্যা |
|---|---|
| ৭১—৭৫ | ২ |
| ৬৬—৭০ | ৫ |
| ৬১—৬৫ | ১০ |
| ৫৬—৬০ | ১৫ |
| ৫১—৫৫ | ৯ |
| ৪৬—৫০ | ৬ |
| ৪১—৪৫ | ৩ |

N = ৫০

ক. বিচ্যুতি কী? ১
খ. অনুমাননির্ভর পরিসংখ্যান গুরুত্বপূর্ণ কেন? ২
গ. উদ্দীপকের আলোকে বিচ্যুতির উৎকৃষ্ট পরিমাপ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের প্রদত্ত বন্টনের ভেদাংক নির্ণয়, কর এবং বিচ্যুতির উৎকৃষ্ট পরিমাপের সাথে তুলনা কর। ৪

সেট : ২

# যশোর, সিলেট ও দিনাজপুর বোর্ড ২০১৮

বিষয় কোড : 1 2 4

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট **মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ **দৃশ্যকল্প-১ :** অথই সপ্তম শ্রেণির মেধাবী ছাত্র। তার বুদ্ধ্যঙ্ক কেমন হবে তা জানার আগ্রহে অথই-এর বাবা তাকে একজন মনোবিজ্ঞানীর কাছে নিয়ে যান। মনোবিজ্ঞানী ভাষাগত ৬টি মানকের মাধ্যমে তার বুদ্ধ্যঙ্ক নির্ণয় করলেন। ফলাফলে দেখলেন অথই এর বুদ্ধ্যঙ্ক স্বাভাবিকের তুলনায় বেশি।

**দৃশ্যকল্প-২ :** আনিকা ও রাইয়ান দুইজন প্রতিবেশী। আনিকা সামান্য পড়তে ও লিখতে পারে, গান-বাজনা করতে পারে। শারীরিক বৈকল্যতা নেই। অন্যদিকে রাইয়ানের শারীরিক অক্ষমতা, কথা বলায় জড়তা রয়েছে। তাদের বাবা-মা নিয়মিত চিকিৎসকের পরামর্শ নিয়ে সন্তানের উন্নতির চেষ্টা করছেন।

ক. ব্যক্তিভিত্তিক বুদ্ধি অভীক্ষা কী? ১

খ. বুদ্ধ্যঙ্ক নির্ণয়ে মানসিক বয়স প্রয়োজন কেন? ২

গ. অথই এর বুদ্ধ্যঙ্ক নির্ণয়ে মনোবিজ্ঞানী যে অভীক্ষা ব্যবহার করেছেন সে অভীক্ষার বৈশিষ্ট্যগুলি ব্যাখ্যা কর। ৩

ঘ. আনিকা ও রাইয়ান উভয়ই কী একই শ্রেণির বুদ্ধি প্রতিবন্ধী না ভিন্ন? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

২ ▶ **দৃশ্যকল্প-১ :** ইকবাল সাহেব কলেজের শিক্ষক। তিনি শ্রেণিতে লক্ষ করলেন যে সোহান নামে একজন ছাত্র শ্রেণিতে খাপ খাওয়াতে পারছে না। ইকবাল সাহেব ছেলেটিকে মনোবিজ্ঞানীর কাছে পাঠালেন। মনোবিজ্ঞানী সোহানকে কতকগুলো কার্ড দেখান এবং কার্ডে কী দেখতে পাচ্ছে তা বলতে বলেন। তিনি সোহানের উত্তরগুলো লিখে রাখেন এবং তার সমস্যা বুঝতে পারেন।

**দৃশ্যকল্প-২ :** পাভেল, রুবেল ও জুয়েল তিন ভাই। পাভেল দেখতে খাটো, গোলগাল ও মিশুক প্রকৃতির। রুবেল লম্বা, হাল্কা-পাতলা গড়নের এবং নির্জনপ্রিয়। অন্যদিকে জুয়েল সুঠাম দেহের অধিকারী। সে খেলাধুলা পছন্দ করে এবং দুঃসাহসিক কাজ করে আনন্দ পায়।

ক. ব্যক্তিত্ব কী? ১

খ. ক্রেৎসমারের শারীরিক গঠন মতবাদটি বিজ্ঞানসম্মত কেন? ২

গ. দৃশ্যকল্প-১ এ সোহানের সমস্যা সমাধানে মনোবিজ্ঞানী কোন ধরনের অভীক্ষা প্রয়োগ করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ উল্লিখিত তিন ভাই-এর বৈশিষ্ট্য শেলডনের শারীরিক গঠন মতবাদ অনুসারে তুলনা কর। ৪

৩ ▶ নাহিন নবম শ্রেণিতে পড়ে। সে বাবার সঙ্গে প্রতিদিন খবরের কাগজ পড়ে এবং টেলিভিশনে খবর শুনে। সম্প্রতি বাংলাদেশে অনুপ্রবেশাধীন রোহিঙ্গাদের দুঃখ-দুর্দশার খবর তাকে খুব কষ্ট দেয়। কীভাবে তাদের সাহায্য করা যায় এই নিয়ে চিন্তা করতে থাকে। নাহিনের মামা মতিন সাহেব যে কোনো বিষয় সম্পর্কে যথার্থ বিবেচনা ছাড়াই যুক্তিহীন, নেতিবাচক ও বিদ্বেষপূর্ণ মনোভাব পোষণ করেন। যেমন— তিনি মনে করেন দরিদ্রদের লেখাপড়া করার প্রয়োজন নেই। মতিন সাহেবের এ ধরনের মানসিকতা অনেকের কাছেই গ্রহণযোগ্য নয়।

ক. মনোভাব কী? ১

খ. প্রাসঙ্গিক আইন প্রণয়ন কীভাবে পূর্বসংস্কার হ্রাস করে? ২

গ. নাহিনের আচরণ মনোভাবের কোন উপাদানের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. মতিন সাহেবের মানসিকতাকে মনোবিজ্ঞানের ভাষায় কী বলে? এর বৈশিষ্ট্যসমূহ বিশ্লেষণ কর। ৪

৪ ▶ রহিম সাহেবের দুই সন্তান সজল ও রিপন। তৃতীয় শ্রেণিতে ২য় স্থান অধিকার করায় রহিম সাহেব সজলকে একটি খেলনা কিনে দেয়। এতে সজলের উৎসাহ বৃদ্ধি পায় এবং পরবর্তী পরীক্ষায় ১ম স্থান অধিকার করার জন্য পড়ালেখায় আরও মনোযোগী হয়। অন্যদিকে রিপন অনেক অলস ছিল কোনো কিছু সময়মতো করতো না। পরবর্তীতে শিক্ষকের নির্দেশ ও উপদেশনার কারণে তার মধ্যে নিয়মানুবর্তিতা, আত্মনির্ভরশীলতা ও শৃঙ্খলাবোধ দেখা যায়। রহিম সাহেব সন্তানদের লেখাপড়া ছাড়াও অন্যান্য বিষয়, যেমন— খাওয়া, কাপড় পড়া, মার্জিত আচরণ করা ইত্যাদির প্রতিও খেয়াল রাখেন। এতে করে তার মধ্যে সুস্থ সামাজিকতার বিকাশ ঘটে।

ক. আন্তঃব্যক্তিক আকর্ষণ কী? ১

খ. সমাজীকরণকে শিক্ষার্জিত আচরণ বলা হয় কেন? ২

গ. সজলের উৎসাহ বৃদ্ধিতে সমাজীকরণের কোন প্রক্রিয়া ক্রিয়াশীল? ৩

ঘ. "রহিম সাহেব ও রিপনের মাঝে সমাজীকরণের ভিন্ন ভিন্ন মাধ্যম বিদ্যমান"— উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৫ ▶ দিনমজুর করিম শেখের মেধাবী ছেলে সিফাত এবার মেডিক্যাল ও বুয়েটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে দুটোতেই কৃতকার্য হয়। সে ভীষণ চিন্তিত কোনটাতে ভর্তি হবে। মেডিক্যাল না বুয়েটে। ছেলের সাফল্যে বাবা খুশী হলেও ভীষণ অস্থির ও চিন্তিত সিফাতের ভর্তি ও পড়াশুনার খরচ চালানো নিয়ে। অবশেষে ছেলের ভবিষ্যতের কথা চিন্তা করে তার একমাত্র সম্বল দুধের গাভী বিক্রয় করার সিদ্ধান্ত নেয়। আর নিজেকে এই বলে সান্ত্বনা দেয় পড়াশুনা শেষ করে ছেলে সংসারের হাল ধরবে।

ক. হতাশার সংজ্ঞা দাও। ১

খ. কর্মভার কীভাবে মানসিক চাপ সৃষ্টি করে? ২

গ. উদ্দীপকে সিফাতের মধ্যে কোন ধরনের দ্বন্দ্বের সৃষ্টি হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. করিম শেখ মানসিক চাপ সামলানোর যে সমস্ত কৌশল অবলম্বন করে তা কতখানি যৌক্তিক? মতামত দাও। ৪

৬ ▶ জনাব আবু রায়হান একজন পরোপকারী ব্যক্তি। সমাজের সকলের সুখে-দুঃখে তিনি ভূমিকা রাখেন। সমাজের মানুষের কল্যাণে সামাজিক শৃঙ্খলা রক্ষায় তিনি নিজ স্বার্থ বিসর্জন দিয়ে কাজ করেন। আবু রায়হানের চাচাত ভাই আবু আয়মানও একজন সামাজিক মানুষ। তিনিও সমাজের মানুষের সুখে-দুঃখে পাশে থাকেন, মানুষের সেবা করতে চান কিন্তু তিনি মনে করেন মানুষের সেবা করার জন্য ক্ষমতায় অধিষ্ঠিত হওয়া জরুরি। বয়সে ছোট হলেও তিনি অনেক সময় আবু রায়হান সাহেবের উপরও প্রভাব বিস্তার করে থাকেন। তবে, আবু আয়মান একজন সৌন্দর্যপ্রিয় ও শিল্পমনা ব্যক্তিও বটে। তিনি সবসময়ই পরিপাটি থাকেন এবং সন্তানদের সেভাবে রাখতে পছন্দ করেন।

ক. মূল্যবোধ গঠনের প্রধান মাধ্যম কোনটি? ১

খ. মনোভাব মূল্যবোধের পূর্বশর্ত কীভাবে? ২

গ. জনাব আবু রায়হান কোন ধরনের মূল্যবোধসম্পন্ন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের উল্লিখিত আবু আয়মানের বৈশিষ্ট্যে কোন কোন মূল্যবোধ লক্ষ করা যায়? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৭ ▶ জনাব মাহমুদুল হাছান শিশুদের আচরণের বিকাশ এবং শিক্ষণ কার্যক্রমের উপর গবেষণা করেন। তিনি লক্ষ্য করেন শিশুদের বলবর্ধক প্রদান করা হলে নির্দিষ্ট আচরণটি করার প্রবণতা বৃদ্ধি পায় এবং বলবর্ধকের অনুপস্থিতিতে উদ্দীপকের সাথে প্রতিক্রিয়ার সম্পর্ক দুর্বল করে তোলে। জনাব মাহমুদুল হাছান তাঁর গবেষণাকার্য নিয়ন্ত্রিত পরিবেশে বস্তুনিষ্ঠভাবে পরিচালনা করেছেন।

ক. সমস্যা কী? ১

খ. পরীক্ষণকে বৈজ্ঞানিক পদ্ধতি বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত বলবর্ধক কোন ধরনের চল? ব্যাখ্য কর। ৩

ঘ.জনাব, মাহমুদুল হাছান কোন পদ্ধতির সাহায্যে তাঁর পরীক্ষণ পরিচালনা করেছেন? এই পদ্ধতির বৈশিষ্ট্যগুলি বিশ্লেষণ কর। ৪

৮ ▶ দ্বাদশ শ্রেণির মনোবিজ্ঞান বিষয়ের ১০ জন শিক্ষার্থীর প্রাক-নির্বাচনি ও নির্বাচনি পরীক্ষার প্রাপ্তনম্বর নিম্নরূপ :

প্রাক-নির্বাচনি : ৩০, ৩২, ৩২, ৩৫, ৩৮, ৪৩, ৪৫, ৫০, ৫০, ৫৫

নির্বাচনি : ৩৫, ৩৮, ৪০, ৪০, ৪৫, ৪৭, ৫০, ৫২, ৫৫, ৫৮

ক. পরিসংখ্যান কী? ১

খ. পরিসরকে বিচ্যুতির সহজতর পরিমাপক বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে প্রদত্ত শিক্ষার্থীদের প্রাক-নির্বাচনি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের গড় বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. শিক্ষার্থীদের নির্বাচনি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের বিস্তারমান ও আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৪

সেট : ২

# ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম ও দিনাজপুর বোর্ড ২০১৭

বিষয় কোড : 1 2 4

সময়–২ ঘণ্টা ৩৫ মিনিট

## মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক গুচ্ছ

১ ▸ রিফাত ও সিফাতের মা মরিয়ম তার দুই সন্তানকে নিয়ে চিন্তিত। তারা দুই জন দুই প্রকৃতির। বড় ছেলে রিফাত অনেকটা আত্মকেন্দ্রিক ও রক্ষণশীল। সে নতুন পরিবেশে সহজে অন্যের সাথে মিশতে পারে না। অপরদিকে ছোট ছেলে সিফাত খুবই সক্রিয় এবং স্বাধীনচেতা। সকল কাজেই সে অংশ নিতে চায়। অন্যের প্রয়োজনে সে জীবনের ঝুঁকি নিতে প্রস্তুত থাকে। সিফাতের অস্থিরতা, চঞ্চলতা, মেজাজী প্রকৃতির করণে তার মা মরিয়ম প্রায়ই উদ্বিগ্ন থাকে।

ক. ব্যক্তিত্বের সংলক্ষণ কী? ১

খ. প্রক্ষেপণমূলক অভীক্ষা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত রিফাতের ব্যক্তিত্বের বৈশিষ্ট্য সম্পর্কে তোমার মতামত ব্যক্ত কর। ৩

ঘ. রিফাত ও সিফাতের আচরণগত পার্থক্যের মনোবৈজ্ঞানিক ব্যাখ্যা দাও। ৪

২ ▸ যৌতুক প্রথা আমাদের সমাজের একটি অতি পরিচিত সামাজিক সমস্যা। দেশের বিশিষ্ট ব্যক্তিবর্গ এটিকে জনসাধারণের শিক্ষা ও সচেতনতার অভাবকে দায়ী করেন। তবে নারী নেত্রী সোনিয়া যৌতুক প্রথার জন্য সামাজিক অবক্ষয়ের প্রতি গুরুত্বারোপ করে তার বক্তব্য তুলে ধরেন।

ক. মনোভাবের উপাদানগুলোর নাম লিখ। ১

খ. ব্যক্তির চাহিদাপূরণ মনোভাব গঠনে কীভাবে কাজ করে? ২

গ. নারী নেত্রী সোনিয়ার বক্তব্যকে মনোবিজ্ঞানের ভাষায় কী বলা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. মনোভাবের সাথে সোনিয়ার বক্তব্যের পার্থক্য উদাহরণসহ ব্যাখ্যা কর। ৪

৩ ▸ নিম্নবিত্ত এলাকায় বেড়ে ওঠা ওয়াসিম সামান্য হাঁসি ঠাট্টাতে রেগে যায়। সে তার মতামততে ভুলের উর্ধ্বে বলে মনে করে। তার মতামতের বিরোধীতা করলে সেটাকে ভ্রান্ত ও শাস্তিযোগ্য বলে মনে করে। তার একগুয়েমীর কারণে অন্যের সাথে প্রায়ই বিবাদে লিপ্ত হতে দেখা যায়। ওয়াসিমের বাবা তাকে তিরস্কার করে বলেন, সমাজে নিজের মতামত প্রতিষ্ঠার জন্য কঠোরতা পরিহার করে বিকল্প পদ্ধতিতে অন্যের সমর্থন লাভ করা যায়।

ক. কৃষ্টির সংজ্ঞা দাও। ১

খ. সমবয়সী দল কীভাবে সামাজীকরণে ভূমিকা রাখে? ২

গ. ওয়াসিমের চারিত্রিক বৈশিষ্ট্যের মূলে নিহিত পরিস্থিতির বর্ণনা দাও। ৩

ঘ. কীভাবে ওয়াসিমের আগ্রাসী আচরণ নিয়ন্ত্রণ করা যায়? ব্যাখ্যা কর। ৪

### খ গুচ্ছ

৪ ▸ জাহাঙ্গীর হোসেন নারায়ণগঞ্জের একটি পাটকলের কর্মচারী। প্রতি বছর তারা পাটকল থেকে পিকনিকে যায়। এ বছর তারা কক্সবাজারের উদ্দেশ্যে রওনা হন। পথিমধ্যে সকাল ৭ টার দিকে গাড়িটি নষ্ট হয়ে যায়। ড্রাইভার বলেন গাড়ি মেরামত করতে ৮/১০ ঘণ্টা সময় প্রয়োজন। এ পরিস্থিতিতে সবাই অতিরিক্ত টাকা দিয়ে অন্য একটি গাড়ী ভাড়া করে গন্তব্যে যাওয়ার কথা ভাবতে থাকেন।

ক. মানসিক চাপ কী? ১

খ. মানুষের স্বাভাবিক কাজ ব্যহত হয় কেন? ২

গ. উদ্দীপকের বর্ণিত পরিস্থিতি কোন ধরনের সমস্যা থেকে উদ্ভূত হয়েছে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে জাহাঙ্গীর হোসেন সাহেবের যে ধরনের মানসিক অবস্থার সৃষ্টি হয়েছে তার বর্ণনা দাও। ৪

৫ ▸ মারুফ সহজ-সরল জীবনযাপন করে। সে সৃষ্টি জগতের রহস্য খুঁজে বেড়ায় এবং স্রষ্টার প্রতি কৃতজ্ঞতা প্রকাশে নিয়োজিত থাকে। নিজের এবং অন্যের জন্য ক্ষতিকর কোনো কিছু করা থেকে বিরত থাকে। সমাজের লোকজন তাকে ভাল মানুষ হিসাবে শ্রদ্ধা করে। মারুফের বন্ধু রহিম অত্যন্ত হিসাবী লোক। প্রতিটি কাজের মধ্যে সে লাভ-ক্ষতি হিসাব করে। নিজের প্রয়োজনের বাইরে কোনো কাজে নিজেকে যুক্ত করে না। সমাজের লোকজন তাকে একজন স্বার্থপর ব্যক্তি হিসাবে গণ্য করে।

ক. মূল্যবোধ কী? ১

খ. সৃষ্টিশীলতার মাধ্যমে সন্তুষ্টি খোঁজা কোন ধরনের মূল্যবোধ? ২

গ. উদ্দীপকে মারুফের আচরণে যে মূল্যবোধের প্রকাশ ঘটেছে তার বর্ণনা দাও। ৩

ঘ. মারুপ ও রহিমের মূল্যবোধের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৬ ▸ কলেজে ক্রীড়া শিক্ষক ক্রিকেট টিম গঠনের জন্য ৩০ জনের একদল শিক্ষার্থীর প্রত্যেককে ১, ২, ৩ এভাবে ৩০ পর্যন্ত কমিক মান প্রদান করেন। অতঃপর জোড় এবং বিজোড় ক্রমিক মানের শিক্ষার্থীদের নিয়ে দুটি ক্রিকেট টিম গঠন করলেন।

ক. চলের সংজ্ঞা দাও। ১

খ. পরীক্ষক কোন ধরনের চলের প্রভাব পর্যবেক্ষণ করেন? ২

গ. ক্রীড়া শিক্ষক দল গঠনের ক্ষেত্রে যে কৌশল অবলম্বন করেন তার বর্ণনা দাও। ৩

ঘ. ক্রীড়া শিক্ষক কী আরো উন্নত কোনো কৌশল অবলম্বন করতে পারতেন? যুক্তি দেখাও। ৪

### আবশ্যিক

৭ ▸ ৮ বছর বয়সের ইমন তার ৪ বছরের ছোট ভাই ইলহামের সাথে খেলতে পছন্দ করে। স্কুলে সে তার বন্ধুদের সাথে মিশতে পারে না। অপরদিকে ইলহাম তার থেকে বয়সে বড়দের সাথে সহজে মেলামেশা ও খেলাধুলা করতে পারে। ইমন ও ইলহামের বাবা-মা তাদেরকে মনোবিজ্ঞানীর নিকট নিয়ে গেলে তিনি অভীক্ষা প্রয়োগ করে দেখতে পান ইমন ৬ বছর বয়সের অধিক বয়সের প্রশ্নের উত্তর দিতে পারে না। ইলাম ৫ বছর বয়সের সবকটি এবং ৬ বছর বয়সেরও দুটি প্রশ্নের উত্তর দিতে পারে। মনোবিজ্ঞানী ইমনকে স্বল্পবুদ্ধি ও ইলহামকে প্রতিভাবান বলে রিপোর্ট প্রদান করেন।

ক. বুদ্ধির সংজ্ঞা দাও। ১

খ. সৃজনশীলতা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে প্রদত্ত তথ্যের ভিত্তিতে ইলহামের বুদ্ধ্যংক নির্ণয় কর। ৩

ঘ. ইমনের জন্য তার বাবা-মা কী ধরনের পদক্ষেপ গ্রহণ করতে পারেন? স্বপক্ষে তোমার মতামত ব্যক্ত কর। ৪

৮ ▸ মনোবিজ্ঞানী হাফিজ সাহেব ৩০ জনের একদল পিছিয়ে পড়া শিক্ষার্থীর বুদ্ধি পরিমাপ করে নিম্নরূপ তথ্য পান:

| শ্রেণি ব্যবধান | ৪০-৪৪ | ৪৫-৪৯ | ৫০-৫৪ | ৫৫-৫৯ | ৬০-৬৪ | ৬৫-৬৯ | ৭০-৭৪ |
|---|---|---|---|---|---|---|---|
| পৌনঃপুনিক | ২ | ৪ | ৬ | ৮ | ৫ | ৩ | ২ |

ক. বিচ্যুতির সংজ্ঞা দাও। ১

খ. গড় ব্যবধান নির্ণয়ে বিচ্যুতির পরম মান নেওয়া হয় কেন? ২

গ. শিক্ষার্থীদের বুদ্ধ্যংকের গড় ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. পিছিয়ে পড়া শিক্ষার্থীদের ব্যাপারে সঠিক ব্যাখ্যা প্রদানের জন্য বিচ্যুতির কোন পরিমাপটি অধিক গ্রহণযোগ্য এবং কেন? ৪

# যশোর, কুমিল্লা, সিলেট ও বরিশাল বোর্ড ২০১৭

বিষয় কোড : | 1 | 2 | 4 |

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট **মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

**ক গুচ্ছ**

১ ▸ জনাব জায়েদ একজন শিক্ষক। তিনি লক্ষ্য করলেন তার ছাত্র রিয়াজ খুবই অমনোযোগী এবং প্রায়ই ক্লাশে অনুপস্থিত থাকে। জনাব জায়েদ রিয়াজের মাকে একজন মনোবিজ্ঞানীর পরামর্শ নিতে বললেন। মনোবিজ্ঞানী ১ম পর্যায়ে রিয়াজকে বিভিন্ন রংয়ের কালিসম্বলিত কিছু কার্ড দেখান এবং কার্ডে কি দেখছে তা লিখতে বলেন। এ পর্যায়ে মনোবিজ্ঞানী রিয়াজকে ঠিকমত বুঝতে না পেরে ২য় পর্যায়ে ভিন্ন কতগুলো অস্পষ্ট দ্ব্যর্থবোধক ছবি সম্বলিত কার্ড দেখান এবং কি দেখছে তার ভিত্তিতে গল্প লিখতে বলেন। এবার লিখিত গল্পগুলি ব্যাখ্যা করে মনোবিজ্ঞানী রিয়াজের সমস্যা বুঝতে পারেন।

ক. ব্যক্তিত্ব কী? ১
খ. ক্রেৎসমার কিসের ভিত্তিতে ব্যক্তিত্বের শ্রেণিবিভাগ করেছেন? ২
গ. উদ্দীপকের জনাব জায়েদের ব্যক্তিত্ব যে ধরনটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের রিয়াজের ব্যক্তিত্ব পরিমাপে ব্যবহৃত কার্যক্রম দুটি ভিন্ন ভিন্ন হলেও একই শ্রেণিভুক্ত— তোমার মতামত দাও। ৪

২ ▸ রিতা সত্য কথা বললে বাবা তাকে পুরস্কৃত করে এবং মিথ্যা বললে তাকে শাসন করে। এক সময় সে সত্যবাদী হয়ে উঠে। অপরদিকে রিতা এর বাবা তার দলের ব্যক্তিকে আগামী নির্বাচনে ভোট দেয়ার সিদ্ধান্ত নেয়। কয়েকদিন পর স্বতন্ত্রপ্রার্থী তার নিকট ভোট চাইতে আসলে রিতার বাবা তার সততা ও আচরণে মুগ্ধ হয়ে পূর্বের সিদ্ধান্তের পরিবর্তন আনেন।

ক. পূর্ব সংস্কার কী? ১
খ. ভিন্ন দল থেকে কিভাবে পূর্ব সংস্কার জন্ম নেয়? ২
গ. রিতার আচরণ গঠনের শর্তসমূহ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে রিতার বাবা সিদ্ধান্ত পরিবর্তনের ক্ষেত্রে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৩ ▸ হামিদ মিয়ার সাথে সম্পত্তি নিয়ে রশিদ মিয়ার অনেকদিন যাবত বিবাদ চলছিল। এক পর্যায়ে বিবাদটি এমন পর্যায়ে পৌছাল যে ক্ষুদ্ধ হামিদ মিয়া চরম অপমান বোধ করেন এবং তার ভিতর রাগ ও ক্রোধের সৃষ্টি হয়। তাছাড়া হামিদ মিয়ার উক্তির সময় তার দেহভঙ্গি ও বাচনিক আচরণ ছিল উস্কানিমূলক ও আক্রমণাত্মক। তাই রশিদ মিয়াও ক্রোধে ঘোষণা করেন তিনিও সবকিছু দিয়ে এর মোকাবেলা করবেন।

ক. আগ্রাসন কী? ১
খ. সমাজীকরণে পরিবারের ভূমিকা কী? ২
গ. উদ্দীপকে হামিদ মিয়ার উক্তিতে আগ্রাসনের কোন ধরনের প্রবৃত্তি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে হামিদ মিয়ার আক্রমণাত্মক উক্তি ও রশিদ মিয়ার জবাবের পেছনের কারণ কি একই— ব্যাখ্যা কর। ৪

**খ গুচ্ছ**

৪ ▸ ছেলেবেলা থেকে মিজানের স্বপ্ন সে প্রকৌশলী হবে। কিন্তু যথেষ্ট প্রস্তুতি থাকা সত্ত্বেও ভর্তি পরীক্ষায় সে কৃতকার্য হতে পারে না। এ অবস্থায় সে মানসিকভাবে ভেঙ্গে পড়ে। তার এ মানসিক অবস্থা বুঝতে পেরে তার বড় ভাই গঠনমূলক প্রতিক্রিয়া করার কথা বলে। এতে সে অনুপ্রাণিত হয়ে তার ব্যর্থতার কারণ মূল্যায়ন করে এবং যথাযথ প্রস্তুতি নিয়ে সে পুনরায় পরীক্ষা দেয় এবং সফলতা অর্জন করে।

ক. মানসিক চাপ কী? ১
খ. বিকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্ব বলতে কী বুঝ? ২
গ. মিজানের মানসিক বিপর্যস্ত উৎস কী? ৩
ঘ. মিজান কিভাবে তার স্বাভাবিক জীবনে ফিরে তা পাঠ্যবইয়ের ং আলোচনা কর। ৪

৫ ▸ জনাব সালাম সাহেব একজন বয়স্ক পরহেজগার ব্যক্তি। অপরদিকে তার বন্ধু মিতব্যয়ী সামাদ সাহেব সবকিছু টাকার মানদণ্ডে বিচার করেন। তার সন্তান জাকজমকপূর্ণ ও বিলাসী জীবন-যাপন করতে পছন্দ করেন।

ক. মূল্যবোধ কী? ১
খ. মূল্যবোধ গঠনে কৃষ্টির ভূমিকা কী? ২
গ. জনাব সালাম সাহেবের মধ্যে কোন ধরনের মূল্যবোধ বর্তমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব সামাদ সাহেবের মূল্যবোধ ও তার পুত্র লিটনের মূল্যবোধের মধ্যে কোনো পার্থক্য আছে কি? তোমার মতামত দাও। ৪

৬ ▸ জনাব ইসমাইল একজন মনোবিজ্ঞানের শিক্ষক। তিনি ছাত্রদের শিক্ষণের উপর গণ্ডগোলের প্রভাব দেখার জন্য তার ক্লাশের ছাত্রদের জোড়-বিজোড় রোল নম্বর এর ভিত্তিতে সমান সংখ্যক ছাত্র দিয়ে "ক" দল এবং "খ" দল গঠন করেন। তিনি "ক" দলকে গন্ডগোলযুক্ত পরিবেশে এবং "খ" দলকে গণ্ডগোলমুক্ত পরিবেশে দুইটি ভিন্ন কক্ষে নির্দিষ্ট সময় পর্যন্ত কতকগুলো অর্থহীন শব্দ তালিকা মুখস্থ করতে দেন। পরীক্ষণ শুরুর পূর্বে গণ্ডগোলযুক্ত পরিবেশের শিক্ষণ গণ্ডগোলমুক্ত পরিবেশের শিক্ষণের তুলনায় কম হবে বলে মন্তব্য করেন। পরীক্ষণ শেষে ফলাফল ইসমাইল সাহেবের মতামতের সাথে মিলে যায়।

ক. সমস্যা কী? ১
খ. অনির্ভরশীল চল ব্যাখ্যা কর। ২
গ. ইসমাইল সাহেবের পরীক্ষণ সম্পর্কিত মতামতটি পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ইসমাইল সাহেব পরীক্ষণ পরিচালনায় চল নিয়ন্ত্রণের যে যে কৌশল অবলম্বন করেছেন সেগুলো আলোচনা কর। ৪

**আবশ্যিক**

৭ ▸ আন্তঃকলেজ মেধা প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ১৪ বছর বয়সী কলেজ ছাত্র সজীব ও ফুয়াদের মধ্যে থেকে একজনকে নির্বাচনের জন্য মনোবিজ্ঞানের শিক্ষককে দায়িত্ব দেন। শিক্ষক তাদের উপর বুদ্ধি অভীক্ষা প্রয়োগ করেন। সজীবের বুদ্ধাঙ্ক ১০০ এবং ফুয়াদের মানসিক বয়স ১৫ বৎসর ২ মাস। সজীব বেশ চটপটে বলে শিক্ষক তাকে প্রতিযোগিতার জন্য মনোনীত করেন। সজীব প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ৩য় স্থান অধিকার করে। কিন্তু ফুয়াদ মনে করে প্রতিযোগিতায় তাকে প্রেরণ করলে সে আরো ভালো ফলাফল করতে পারতো।

ক. বুদ্ধি কী? ১
খ. বুদ্ধি প্রতিবন্ধিতা কিভাবে চিহ্নিত করবে? ২
গ. সজীবের মানসিক বয়স কত? ৩
ঘ. সজীবের পরিবর্তে ফুয়াদকে নির্বাচিত করলে ফলাফল কী আরো ভালো হতে পারতো? তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৮ ▸ দ্বাদশ শ্রেণির নির্বাচনী পরীক্ষায় ইংরেজি বিষয়ে ৫০ জন ছাত্র অংশ নেয়। পরীক্ষায় মোট নম্বর ছিল ১০০। ছাত্ররা নিন্মরূপ নম্বর পায় :

| প্রাপ্ত নম্বরের শ্রেণি | ছাত্র সংখ্যা |
|---|---|
| ৮০-৮৪ | ৩ |
| ৭৫-৭৯ | ৬ |
| ৭০-৭৪ | ৭ |
| ৬৫-৬৯ | ৮ |
| ৬০-৬৪ | ১০ |
| ৫৫-৫৯ | ৭ |
| ৫০-৫৪ | ৪ |
| ৪৫-৪৯ | ৩ |
| ৪০-৪৪ | ২ |
| | N = ৫০ |

ক. চতুর্থাংশীয় বিচ্যুতি কী? ১
খ. পূর্বানুমান পরিসংখ্যান বলতে কী বোঝায়? ২
গ. ছাত্রদের প্রাপ্তমানের গড়বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের উল্লিখিত বণ্টনটির সবচাইতে উৎকৃষ্ট বিচ্যুতির পরিমাপ নির্ণয় কর। ৪

# সকল বোর্ড ২০২৩

বিষয় কোড : | 1 | 2 | 4 |

## মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

সময়—২৫ মিনিট | পূর্ণমান—২৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. নান্দনিক মূল্যবোধ সম্পন্ন ব্যক্তিরা—**
ক সত্যের পিছনে ছুটে চলে
খ সর্বদা নেতৃত্ব প্রদান করতে চায়
গ পরার্থপর হয়
ঘ সৌন্দর্যবোধের প্রতি অধিকতর পূজারী

**২. প্রেষণা কোন ধরনের চল?**
ক নির্ভরশীল  খ অনির্ভরশীল
গ মধ্যবর্তী  ঘ বাহ্যিক

**৩. পরীক্ষণ পদ্ধতির বৈশিষ্ট্য—**
i. চল এর নিয়ন্ত্রণ
ii. বস্তুনিষ্ঠতা
iii. পুনরাবৃত্তিতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**৪. নিয়মতান্ত্রিক পর্যবেক্ষণের বৈশিষ্ট্য—**
i. প্রাকৃতিক পরিবেশে পর্যবেক্ষণ
ii. পর্যবেক্ষণকারী কর্তৃক প্রতিবন্ধকতা সৃষ্টি না করা
iii. চলসমূহের নিয়ন্ত্রণ ব্যবস্থা অনুপস্থিত
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকের আলোকে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
আকাশ পরীক্ষণ পরিচালনা করার সময় লক্ষ্য করলেন যে, বাহিরের গোলমাল তার পরীক্ষণকার্যে মারাত্মকভাবে প্রতিবন্ধকতা সৃষ্টি করছে। পক্ষান্তরে বিকাশ 'লিঙ্গভেদে আচরণের তারতম্যের প্রভাব' দেখার জন্য নিগোক্ত নক্শা মোতাবেক পরীক্ষণ পরিচালনা করেন।

| দল / লিঙ্গ | পরীক্ষণ দল | নিয়ন্ত্রিত দল |
|---|---|---|
| পুরুষ | ১৫ জন | ১৫ জন |
| মহিলা | ১৫ জন | ১৫ জন |

**৫. আকাশ অনির্ভরশীল চল নিয়ন্ত্রণে কোন কৌশল প্রয়োগ করেন?**
ক তুল্য মূল্যায়ন  খ অপসারণ
গ দৈবায়ন  ঘ অবস্থার ধ্রুবকতা

**৬. বিকাশের চল নিয়ন্ত্রণ কৌশলে লক্ষণীয়—**
i. সকল বৈশিষ্ট্যের দিক থেকে সমান সমান দু'টি দল গঠন
ii. পরীক্ষণ দলের উপর অনির্ভরশীল চলের প্রয়োগ
iii. একই পরীক্ষণপাত্রকে একাধিক পরীক্ষণমূলক অবস্থার সম্মুখীন করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**৭. শেলডেনের শারীরিক গঠন মতবাদ অনুযায়ী ব্যক্তিত্বের শ্রেণিবিভাগ—**
ক ২টি  খ ৩টি
গ ৪টি  ঘ ৫টি

**৮. প্রক্ষেপণমূলক অভীক্ষাসমূহ—**
i. পরিস্থিতিমূলক অভীক্ষা
ii. রোশাক কালির ছাপ অভীক্ষা
iii. কাহিনী সংপ্রত্যক্ষণ অভীক্ষা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**৯. মিনেসোটা বহুমুখী ব্যক্তিত্ব প্রশ্নমালায় কতটি পদ রয়েছে?**
ক ৫৪০টি  খ ৫৫০টি
গ ৫৬০টি  ঘ ৫৭০টি

■ **নিচের উদ্দীপকের আলোকে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
শিহাবকে দশটি কার্ড দেখানোর পর জিজ্ঞাসা করা হল সে কার্ড বা কার্ডসমূহের কোন্ কোন্ অংশে কী দেখেছে। পক্ষান্তরে, সামিহার ব্যক্তিত্ব পরিমাপে ক্যালিফোর্নিয়া মনস্তাত্ত্বিক প্রশ্নমালা মানক ব্যবহার করা হয়েছিল।

**১০. শিহাবের ব্যক্তিত্ব পরিমাপে কোন ধরনের অভীক্ষা ব্যবহার করা হয়েছিল?**
ক রোশাক কালির ছাপ অভীক্ষা
খ কাহিনী সংপ্রত্যক্ষণ অভীক্ষা
গ ব্যক্তিত্ব প্রশ্নমালা  ঘ পরিস্থিতিমূলক অভীক্ষা

**১১. সামিহার ব্যক্তিত্ব পরিমাপে ব্যবহৃত মানক নির্ণয় করে—**
i. প্রাধান্য বিস্তার
ii. সামাজিকীকরণ
iii. নমনীয়তা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**১২. নিচের কোনটি মানসিক চাপ মোকাবেলার আত্মরক্ষামূলক কৌশল?**
ক পশ্চাদপসারণ
খ অবদমন
গ সমঝোতা
ঘ চাপমূলক পরিস্থিতির পুনর্মূল্যায়ন

**১৩. থার্স্টোন বুদ্ধির ক্ষেত্রে কয়টি প্রাথমিক ক্ষমতার কথা বলেছেন?**
ক ৩টি  খ ৫টি
গ ৭টি  ঘ ৯টি

**১৪. WAIS এর পূর্ণরূপ কী?**
ক Wechsler Adult Intelligence Scale
খ Wechsler Age Intelligence Scale
গ Wechsler Adult Intellectual Scale
ঘ Wechsler Adult Intelligence Scheme

**১৫. বুদ্ধি অভীক্ষার দলীয় পার্থক্যের কারণ—**
i. অর্থনৈতিক অবস্থা
ii. লিঙ্গ পার্থক্য
iii. বংশগতি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকের আলোকে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
সীমার প্রকৃত বয়স ৬ বছর হলেও সে ৭ বছরের উপযোগী দুটি প্রশ্নের সঠিক উত্তর দিতে পারল। পক্ষান্তরে রীমার প্রকৃত বয়স ১২।


**১৬. সীমার বুদ্ধ্যঙ্ক কত?**
ক ৯৪.৭৩  খ .৯৪৭৩
গ ১০৫.৫৫  ঘ ১.০৫৫৫

**১৭. স্ট্যানফোর্ড বিনে বুদ্ধি অভীক্ষা অনুযায়ী রীমার উপযোগী অভীক্ষা—**
i. ভাষাগত অসামঞ্জস্যতা নির্ণয়
ii. বিমূর্ত ধারণার অর্থবোধ করা
iii. অসম্পূর্ণ বাক্য পূরণ করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**১৮. কর্মভারকে সাধারণত কয় ভাগে ভাগ করা হয়েছে?**
ক ২  খ ৪
গ ৬  ঘ ৮

**১৯. হতাশার উৎস—**
i. পরিবেশগত
ii. ব্যক্তিগত
iii. দ্বন্দ্ব
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকের আলোকে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**




**২০. চিত্রে কোন ধরনের দ্বন্দ্বের ইঙ্গিত করা হয়েছে?**
ক আকর্ষণ-আকর্ষণ দ্বন্দ্ব  খ বিকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্ব
গ আকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্ব  ঘ দ্বিগুণ আকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্ব

**২১. চিত্রে নির্দেশিত দ্বন্দ্বে লক্ষণীয়—**
i. দু'টি অপ্রীতিকর লক্ষ্যবস্তু
ii. দু'ধরনের আচরণ
iii. আচরণ ও চিন্তায় দোদুল্যমানতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**২২. এডওয়ার্ড স্প্রেঞ্জার এর মতে, মূল্যবোধ কয় ধরনের?**
ক ২  খ ৪
গ ৬  ঘ ৮

**২৩. অর্থনৈতিক মূল্যবোধ সম্পন্ন ব্যক্তিরা—**
i. আগাগোড়াই বাস্তববাদী
ii. সৃজনশীল কর্মকাণ্ডে বিশ্বাসী
iii. সবসময়ই মিতব্যয়ী
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকের আলোকে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
মীরা ৪র্থ শ্রেণির শিক্ষার্থী। সে তার সঙ্গীদল বা খেলার সাথীদের সাথে সময় কাটাতে খুব পছন্দ করে। পক্ষান্তরে, সোহান তার শিক্ষকের আচার-আচরণ, চিন্তা ধারা অনুসরণ করে এবং পারিপার্শ্বিক পরিবেশ থেকেও অনেক কিছু শিখে থাকে।

**২৪. উদ্দীপকে মীরার মূল্যবোধ গঠনে কোন্ মাধ্যমের কথা বলা হয়েছে?**
ক সমবয়সী দল  খ সমাজ ও কৃষ্টি
গ পরিবার  ঘ শিক্ষা প্রতিষ্ঠান

**২৫. সোহানের মূল্যবোধ গঠনে কোন্ কোন্ মাধ্যম এর প্রভাব লক্ষণীয়?**
i. পরিবার
ii. বিদ্যালয়
iii. কমিউনিটি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

## সকল বোর্ড ২০২২

বিষয় কোড : 1 2 4

সময়—২৫ মিনিট


## মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—২৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. আত্মরক্ষার কৌশল—**
i. অবদমন
ii. সামাজিক সহায়তা
iii. প্রত্যাহার
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকের আলোকে ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও :**




**২. চিত্রে কোন ধরনের দ্বন্দ্বের ইঙ্গিত করা হয়েছে?**
ক আকর্ষণ-আকর্ষণ দ্বন্দ্ব
খ বিকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্ব
গ আকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্ব
ঘ দ্বিগুণ আকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্ব

**৩. চিত্রে নির্দেশিত দ্বন্দ্বে লক্ষ্যণীয়—**
i. একটি লক্ষ্যবস্তু থাকবে
ii. আকর্ষণীয় ও বর্জনীয় উভয় দু'টি লক্ষ্যবস্তুতে বিদ্যমান
iii. ব্যক্তির মধ্যে হতাশার জন্ম দেয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

**৪. মূল্যবোধ গঠনের প্রধান মাধ্যম হলো—**
ক পরিবার　খ বিদ্যালয়
গ সমবয়সী দল　ঘ সমাজ ও কৃষ্টি

**৫. মূল্যবোধের বৈশিষ্ট্য—**
i. সংখ্যায় অসীম
ii. সমাজের চালিকাশক্তি
iii. স্বাধীনভাবে গঠিত
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

**৬. তাত্ত্বিক মূল্যবোধ সম্পন্ন ব্যক্তিরা—**
i. সত্য ঘটনা উদঘটনে আগ্রহী
ii. সৃজনশীল কর্মকাণ্ডে বিশ্বাসী
iii. সুবিন্যস্ত জ্ঞান ও সুসংহত বিষয়ের প্রতি আবদ্ধ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকের আলাাকে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :**
আকমল সাহেব একজন বাস্তববাদী ব্যক্তি। তিনি সবসময় মিতব্যয়ী। তিনি বিলাসিতা একদম পছন্দ করেন না। পক্ষান্তরে, আজমল সাহেব সকল ধরনের মানুষের সাথে বন্ধুত্ব ও প্রীতির সম্পর্ক গড়ে তুলতে চায়। তিনি মানুষকে ভালোবাসার মধ্যেই জীবনের মূল্যবোধ খোঁজেন।

**৭. আকমল সাহেব কোন ধরনের মূল্যবোধসম্পন্ন?**
ক তাত্ত্বিক　খ সামাজিক
গ অর্থনৈতিক　ঘ রাজনৈতিক

**৮. আজমল সাহেবের মূল্যবোধে লক্ষ্যণীয়—**
i. অর্থক্ষমতা
ii. পরার্থপরতা
iii. সহানুভূতিশীলতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

**৯. মনোবিজ্ঞানে ব্যবহৃত গবেষণা পদ্ধতিসমূহের মধ্যে কোনটি বৈজ্ঞানিক রীতি-নীতি অধিকতর অনুসরণ করে?**
ক পর্যবেক্ষণ পদ্ধতি　খ ঘটনা অনুধ্যান পদ্ধতি
গ পরিসংখ্যান পদ্ধতি　ঘ পরীক্ষণ পদ্ধতি

**১০. সমস্যার উৎস—**
i. জ্ঞানের সম্পূর্ণতা
ii. তথ্যের ব্যাখ্যা
iii. সাহিত্য পর্যালোচনা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

**১১. অনির্ভরশীল চল প্রয়োগে সৃষ্ট প্রতিক্রিয়া হলো—**
ক অনির্ভরশীল চল　খ নির্ভরশীল চল
গ মধ্যবর্তী চল　ঘ বাহ্যিক চল

**১২. পরীক্ষণের প্রথম ধাপ কোনটি?**
ক ধারণা গঠন　খ প্রকল্প প্রণয়ন
গ সমস্যা শনাক্তকরণ　ঘ চলসমূহের নিয়ন্ত্রণ

**১৩. একটি ভালো প্রকল্পের বৈশিষ্ট্য হলো—**
i. প্রকল্প প্রমাণ সাপেক্ষ হতে হবে
ii. প্রকল্প যৌক্তিক হবে
iii. প্রকল্প পরিমাণগতভাবে প্রকাশযোগ্য হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

**১৪. সিগমুন্ড ফ্রয়েড এর মতে মানব মনের ৩য় স্তর কোনটি?**
ক চেতন স্তর　খ অচেতন স্তর
গ প্রাক-চেতন স্তর　ঘ অবচেতন স্তর

**১৫. অপ্রক্ষেপণমূলক অভীক্ষা—**
i. সাক্ষাৎকার
ii. রেটিং স্কেল
iii. ব্যক্তিত্ব প্রশ্নমালা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকের আলোকে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**
আরাফাত এবং সিফাত দুই ভাই। আরাফাত স্বল্পভাষী এবং নির্জনতা পছন্দ করে। সে আবার আবেগপ্রবণ ও সংবেদনশীল বটে। পক্ষান্তরে, সিফাত বহির্জগৎ সম্পর্কে জানতে প্রচণ্ড আগ্রহী। সামাজিক মেলামেশায় তার ঝোঁক বেশি।

**১৬. আরাফাত কোন ধরনের ব্যক্তিত্বের অধিকারী?**
ক অন্তর্মুখী　খ বহির্মুখী
গ উভয়মুখী　ঘ এনডোমরফিক

**১৭. সিফাতের মধ্যে লক্ষ্যণীয়—**
i. পরার্থপরতা
ii. অন্যের মঙ্গল ও উন্নতির চিন্তা করা
iii. আত্মকেন্দ্রিকতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

**১৮. পঙ্গুত্ব, হতাশার কোন ধরনের উৎস?**
ক পরিবেশগত　খ ব্যক্তিগত
গ দ্বন্দ্বমূলক　ঘ মানসিক চাপমূলক

**১৯. নিচের কোনটি কর্মভারের মানসিক লক্ষণ?**
ক শ্বাস-প্রশ্বাস দ্রুত হওয়া
খ তৃষ্ণা অনুভব করা
গ প্রেষণা হ্রাস পাওয়া
ঘ চোখে ব্যাথা অনুভব করা

**২০. বুদ্ধি পরিমাপের জন্য প্রণীত অভীক্ষাসমূহকে প্রধানত কয় ভাগে ভাগ করা হয়েছে?**
ক ২　খ ৩　গ ৪　ঘ ৫

**২১. IQ এর পূর্ণরূপ কী?**
ক Intelligence Quotent
খ Intelligence Quotient
গ Inteligence Quotient
ঘ Intelligence Quotant

**২২. ওয়েশলারের বুদ্ধি অভীক্ষার ভাষাগত মানকের উপ-অভীক্ষা—**
i. তথ্য
ii. বোধ ক্ষমতা
iii. ছবি পূরণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকের আলোকে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :**
নীলার মানসিক বয়স ৬ বছর এবং বুদ্ধ্যাঙ্ক ৪০। পক্ষান্তরে ইলার বুদ্ধ্যাঙ্ক পাওয়া গেল ২৫।

**২৩. নীলার মধ্যে কোন ধরনের বুদ্ধি প্রতিবন্ধিতা বিদ্যমান?**
ক মৃদু বুদ্ধি প্রতিবন্ধিতা
খ মধ্যম বুদ্ধি প্রতিবন্ধিতা
গ গুরুতর বুদ্ধি প্রতিবন্ধিতা
ঘ চরম বুদ্ধি প্রতিবন্ধিতা

**২৪. ইলার মধ্যে লক্ষ্যণীয়—**
i. বাক বিকাশে প্রচুর বাধা
ii. শব্দ উচ্চারণে স্পষ্টতা
iii. সম্পূর্ণ পর নির্ভরশীলতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

**২৫. 'Persona' শব্দের অর্থ কী?**
ক মুখ　খ ছবি
গ ব্যক্তিত্ব　ঘ মুখোশ

# সকল বোর্ড ২০১৯

বিষয় কোড : | 1 | 2 | 4 |

সময়–২৫ মিনিট **মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান–২৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. গর্ডন আলপোর্টের মতবাদ কোন দৃষ্টিভঙ্গির?**
ক জৈবিক খ মনোগতীয়
গ সংলক্ষণ ঘ মানবিক

**২. কোন শিক্ষণ প্রক্রিয়ার কারণে অনেকে গান্ধীটুপি, মুজিবকোট, চুলের ছাঁট প্রভৃতি ব্যবহার করে থাকেন?**
ক প্রাসঙ্গিক শিক্ষণ খ ভূমিকা শিক্ষণ
গ পর্যবেক্ষণগত শিক্ষণ
ঘ একীভাবন

**৩. মনোভাব হলো "কোনো বিষয়, বস্তু ও ধারণাসমূহের প্রতি ব্যক্তির ধনাত্মক বা ঋণাত্মক মূল্যায়ন" সংজ্ঞাটি কে দিয়েছেন?**
ক আলপোর্ট খ রোজেনবার্গ
গ হাইডার ও নিউকম্ব
ঘ ক্রাইডার এবং সহযোগীরা

■ **নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
একটি মহিলা পরপর দুটি মেয়ে সন্তান জন্মদানের পর তৃতীয় সন্তানটিও মেয়ে হওয়ায় খুব কষ্ট পেলেও ঐ মেয়ে সন্তানকে বেশি করে আদরে আদরে ভরিয়ে তোলেন।

**৪. উদ্দীপকে মহিলাটির কোন ধরনের আত্মরক্ষামূলক কৌশলের কথা বলা হয়েছে?**
ক প্রতিক্রিয়া সংঘটন খ অপব্যাখ্যান
গ প্রতিক্ষেপণ ঘ অবদমন

**৫. মহিলার এ রকম আচরণের কারণ–**
i. অবদমিত ইচ্ছাকে অস্বীকার করার জন্য বিপরীত মনোভাব প্রকাশ
ii. নিজের ব্যর্থতার জন্য বাইরের কাউকে দায়ী করা
iii. নিজের কষ্টকে ভুলে থাকা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৬. বয়স, লিঙ্গ, অভিজ্ঞতা প্রভৃতি কোন চলের উদাহরণ?**
ক অনির্ভরশীল খ মধ্যবর্তী
গ নির্ভরশীল ঘ বাহ্যিক


**৭. কাহিনী সংপ্রত্যক্ষণ অভীক্ষার বৈশিষ্ট্য হচ্ছে–**
i. এ অভীক্ষায় ২০টি কার্ড ব্যবহার করা হয়
ii. একটি কার্ড ফাঁকা বা সাদা
iii. কার্ডগুলোতে কালির ছাপ থাকে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**
আরিফ এবং শরীফ দুই ভাই। আরিফ সকল মানুষকে ভালোবাসেন। তিনি অপরের সেবায় নিজেকে নিয়োজিত রাখতে পছন্দ করেন। অন্যদিকে শরীফ সাহেবও অপরের সেবা করতে চান। তবে তিনি মনে করেন, অপরের সেবা করতে হলে ক্ষমতায় অধিষ্ঠিত হওয়া জরুরি।

**৮. আরিফ কোন মূল্যবোধসম্পন্ন?**
ক তাত্ত্বিক খ অর্থনৈতিক
গ সামাজিক ঘ রাজনৈতিক

**৯. শরীফ সাহেবের মূল্যবোধের বৈশিষ্ট্য হলো–**
i. ভালো বক্তব্য রাখতে পারদর্শী
ii. অন্যের উপর প্রভাব খাটানোর প্রবণতা
iii. চাওয়া পাওয়ার আকাঙ্ক্ষা তুলনামূলকভাবে কম
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১০. পরীক্ষণের প্রথম ধাপ কোনটি?**
ক ধারণা গঠন খ প্রকল্প প্রণয়ন
গ সমস্যা সনাক্তকরণ ঘ চল সনাক্তকরণ

**১১.**


**–এটি কিসের চিত্র?**
ক দ্বন্দ্ব খ হতাশা
গ মানসিক চাপ ঘ কর্মভার

**১২. শিশুর শিশুসুলভ আচরণ, বশ্যতা ও অসহায়ত্বের জন্য পিতামাতার কোন ধরনের আচরণ দায়ী?**
ক প্রত্যাখ্যান
খ অতি সংরক্ষণ
গ নমীয়তা ও অনুমোদনশীলতা
ঘ অসঙ্গতিপূর্ণ আচরণ

**১৩. সমস্যার উৎস হলো–**
i. জ্ঞানের অসম্পূর্ণতা
ii. পরস্পর বিরোধী ফলাফল
iii. পূর্ববর্তী গবেষণা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৪. দরিদ্রতার কারণে পিতা কন্যাকে সৎপাত্রে দান করতে ব্যর্থ হয়ে খুব মনোকষ্টে আছেন। এটি হতাশার কোন ধরনের উৎস?**
ক পরিবেশগত খ ব্যক্তিগত
গ সামাজিক বাধা ঘ দ্বন্দ্ব

**১৫. কোন লেখচিত্রে x অক্ষে শ্রেণি মধ্যবিন্দু থাকে?**
ক বহুভুজ খ আয়তলেখ
গ অজিভরেখা ঘ পৌনঃপুন্য রেখা

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
৫ বছরের আবির তার বয়সোপযোগী সবগুলো প্রশ্নের নির্ভুল উত্তরের পাশাপাশি ৬ বছরের সবগুলো প্রশ্নের উত্তর দিতে পারে। এমনকি ৭ বছরের ২টি প্রশ্নের উত্তর দিতে পারে। কিন্তু ৮ বছরের কোনো প্রশ্নের উত্তর দিতে পারে না।

**১৬. উদ্দীপকে আবিরের মানসিক বয়স কত?**
ক ৬ বছর খ ৬ বছর ৪ মাস
গ ৭ বছর ঘ ৮ বছর

**১৭. উদ্দীপকে উল্লিখিত স্কেলের বৈশিষ্ট্য হলো–**
i. এ স্কেলে বুদ্ধ্যঙ্ক ব্যবহার করা হয়
ii. এ স্কেলে মানসিক বয়স ব্যবহার করা হয়
iii. এ স্কেলে আদর্শ সাফল্যাঙ্ক ব্যবহার করা হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৮. বীজগাণিতিক চিহ্ন বর্জন সাপেক্ষে সকল বিচ্যুতির গাণিতিক গড়কে কী বলে?**
ক পরিসর খ চতুর্থাংশীয় বিচ্যুতি
গ আদর্শ বিচ্যুতি ঘ গড় বিচ্যুতি

**১৯. সাক্ষাৎকার গ্রহণকারী সাক্ষাৎকার প্রদানকারী সাদিদকে বিভিন্ন ধরনের প্রশ্ন করে ব্যতিব্যস্ত রাখেন। এটি কোন ধরনের সাক্ষাৎকার?**
ক ক্লান্তিমূলক খ অনির্ধারিত
গ চাপমূলক ঘ পূর্ব-নির্ধারিত

**২০. শিক্ষকের জ্ঞান বোঝানোর দক্ষতার ফলে ছাত্রটি শিক্ষককে খুব পছন্দ করে। শিক্ষকের প্রতি ছাত্রের এই ভালো লাগাটা মনোভাবের–**
i. অনুভূতিমূলক উপাদান
ii. অবহিতিমূলক উপাদান
iii. ক্রিয়াগত উপাদান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২১. বুদ্ধ্যঙ্কের উপর ভিত্তি করে বুদ্ধি প্রতিবন্ধিতাকে কয় ভাগে ভাগ করা হয়েছে?**
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫

**২২. রফিক ছোটখাট গোলগাল। সে সহিষ্ণু ও সামাজিক। রফিক কোন ধরনের ব্যক্তিত্বের অধিকারী?**
ক এনডোমরফিক খ সাইক্লোয়েড
গ এ্যাসথেনিক ঘ সিজোয়েড

**২৩. যাদের বুদ্ধ্যঙ্ক ৯০–১০৯ এর মধ্যে তারা–**
ক নিম্ন সাধারণ খ উন্নত সাধারণ
গ প্রতিভাশালী ঘ সাধারণ

**২৪. মনোভাবের বৈশিষ্ট্য হলো–**
i. মনোভাব জন্মগত
ii. মনোভাব মোটামুটি দীর্ঘস্থায়ী
iii. মনোভাব সর্বদাই লক্ষ্যাভিমুখী
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২৫. বোবা ও বধির লোকদের বুদ্ধি পরিমাপের জন্য প্রযোজ্য অভীক্ষা কোনটি?**
ক বিনে-সিঁমো অভীক্ষা
খ ওয়েক্সলার বুদ্ধি অভীক্ষা
গ স্ট্যানফোর্ড-বিনে বুদ্ধি অভীক্ষা
ঘ রোশাক কালির ছাপ অভীক্ষা

# সকল বোর্ড ২০১৮

বিষয় কোড : 1 2 4

সময়–২৫ মিনিট

## মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–২৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. শিশুর সমাজীকরণের প্রথম ধাপ কোনটি?**
ক পরিবার খ খেলার সাথী
গ শিক্ষা ঘ বিদ্যালয়

**২. "বুদ্ধি হলো জগতকে অনুধাবন করার ক্ষমতা এবং বাধাসমূহকে মোকাবেলা করার সামর্থ্য"– এ সংজ্ঞাটি কে দিয়েছেন?**
ক ম্যাকমোহন খ গর্ডন আলপোর্ট
গ ডেভিড ওয়েক্সলার
ঘ বাস্‌কিস্ট এবং জারবিং

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
রিয়াজ অষ্টম শ্রেণিতে পড়ে। সে ফুটবল খেলতে এবং খেলা দেখতে খুব পছন্দ করে। সে ব্রাজিলের স্ট্রাইকার নেইমার এর মতো চুলের ছাঁট দিয়েছে।

**৩. রিয়াজের মধ্যে কোন ধরনের সমাজীকরণ ঘটেছে?**
ক প্রাসঙ্গিক শিক্ষণ খ ভূমিকা শিক্ষণ
গ পর্যবেক্ষণগত শিক্ষণ
ঘ একীভাবন

**৪. উদ্দীপকে উল্লিখিত সমাজীকরণ প্রক্রিয়ার বৈশিষ্ট্য হলো–**
i. কোনো ব্যক্তি অন্য কোনো ব্যক্তির গুণাবলিকে নিজের বলে মনে করে
ii. অন্যের আচরণ সম্পূর্ণ নকল করা
iii. অন্যের আচরণকে গভীর ও স্থায়ীভাবে গ্রহণ করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৫. মনোভাবের প্রধান উপাদান কয়টি?**
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫

**৬. যে সকল ব্যক্তি জীবনের মৌলিক কাজও নিজে নিজে করতে অক্ষম, তারা কোন ধরনের বুদ্ধি প্রতিবন্ধী?**
ক মৃদু খ চরম
গ মধ্যম ঘ ব্যতিক্রমধর্মী

**৭. স্বাধীনতা, ন্যায়নীতি, সততা কিসের উদাহরণ?**
ক মূল্যবোধ খ মনোভাব
গ মতামত ঘ পূর্বসংস্কার

**৮. পূর্বসংস্কার হ্রাসের উপায় হচ্ছে–**
i. পরিবেশগত অবহিতির পরিবর্তন সাধন
ii. আন্তঃকৃষ্টিমূলক শিক্ষার প্রচলন
iii. একই লক্ষ্য অর্জনে যৌথ প্রচেষ্টা
**নিচের কোনটি সঠিক?**
ক ii ও iii খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আবছার বাস্তবতার চেয়ে আধ্যাত্মিকতায় অধিক মনোযোগী। সুখে-দুঃখে সবসময়ই তিনি স্রষ্টার প্রতি কৃতজ্ঞ থাকেন।

**৯. জনাব আবছার কোন ধরনের মূল্যবোধসম্পন্ন?**
ক তাত্ত্বিক খ সামাজিক
গ ধর্মীয় ঘ রাজনৈতিক

**১০. জনাব আবছারের মূল্যবোধের বৈশিষ্ট্য হলো–**
i. বিমূর্ত ধারণার অধিকারী
ii. সৃষ্টির উৎস সম্বন্ধে জানতে আগ্রহী
iii. প্রকৃতির মাঝে সৌন্দর্য খুঁজে বেড়ায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১১. কোন পদ্ধতিতে জীবন বৃত্তান্ত সংগ্রহ করা হয়?**
ক স্বাভাবিক পর্যবেক্ষণ
খ ঘটনা অনুধ্যান
গ নিয়ন্ত্রিত পর্যবেক্ষণ
ঘ পরীক্ষণ

**১২. মনোবিজ্ঞানী শিক্ষার্থীকে কতকগুলো ছবি দিয়ে একটির পর একটি এমনভাবে সাজাতে বললেন যেন একটি অর্থপূর্ণ গল্প তৈরি হয়। এটি কোন বুদ্ধি অভীক্ষায় করা হয়?**
ক ভাষাগত খ কার্যসম্পাদনভিত্তিক
গ বিনে-সিমোঁ ঘ স্ট্যানফোর্ড-বিনে

**১৩. দুই বা ততোধিক ব্যক্তির মধ্যে আন্তঃক্রিয়ার মাত্রা বৃদ্ধি পেলে পারস্পরিক পছন্দের মাত্রাও বেড়ে যায়। এটি আন্তঃব্যক্তিক আকর্ষণের কোন উপাদানের কাজ?**
ক চেহারা খ পরিচিতি
গ নৈকট্য ঘ সাদৃশ্য

**১৪. চালক রাস্তা দিয়ে গাড়ি চালাতে গিয়ে লালবাতি দেখে গাড়ি থামিয়ে দিল। এখানে গাড়ি থামানো কোন চলের উদাহরণ?**
ক অনির্ভরশীল খ মধ্যবর্তী
গ বাহ্যিক ঘ নির্ভরশীল

**১৫. অবদমন চাপ সামলানোর কোন ধরনের কৌশল?**
ক পশ্চাদপসারণ
খ সমঝোতা
গ চাপমূলক পরিস্থিতির পুনর্মূল্যায়ন
ঘ আত্মরক্ষামূলক কৌশল

**১৬. বিশ্ববিদ্যালয়ের ছাত্র অর্থের অভাবে পড়াশোনার খরচ চালাতে না পেরে বিভিন্ন অসামাজিক কর্মকাণ্ডে জড়িয়ে পড়ে। এটি হতাশার কোন ধরনের উৎস?**
ক ব্যক্তিগত খ দ্বন্দ্ব
গ অত্যধিক উচ্চাশা ঘ পরিবেশগত

**১৭. পৌনঃপুন্য বণ্টনে লেখচিত্রের প্রয়োজনীয়তা রয়েছে কেননা এর মাধ্যমে–**
i. উপাত্তকে সংক্ষেপে ও সহজবোধ্যভাবে উপস্থাপন করা যায়
ii. তথ্যসারির অন্তর্বর্তী মান নির্ণয় করা যায়
iii. তথ্যের সঙ্গতি বিধান করা যায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও ii ঘ i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
একজন অসুস্থ রোগী তার চিকিৎসা সহায়তা পাওয়ার জন্য ডাক্তারের কাছে যাওয়ার প্রয়োজনবোধ করল। কিন্তু ডাক্তারের কাছে গেলে ইনজেকশন দিতে হবে এই আশঙ্কায় ডাক্তারের কাছে যেতে ভয় পাচ্ছে। আবার না গেলে অসুস্থতা বেড়ে যাবে এটাও পীড়া দিচ্ছে।

**১৮. উদ্দীপকে অসুস্থ ব্যক্তিটির মধ্যে কোন ধরনের দ্বন্দ্ব বিদ্যমান?**
ক আকর্ষণ-আকর্ষণ খ বিকর্ষণ-বিকর্ষণ
গ আকর্ষণ-বিকর্ষণ ঘ দ্বিগুণ আকর্ষণ-বিকর্ষণ

**১৯. উদ্দীপকে উল্লিখিত দ্বন্দ্বের বৈশিষ্ট্য হচ্ছে–**
i. দু'টি লক্ষ্যই আকর্ষণ সৃষ্টি করে
ii. ঋণাত্মক ক্ষমতাসম্পন্ন দুটি লক্ষ্যবস্তু থাকে
iii. একটি অপ্রীতিকর লক্ষ্যবস্তুকে গ্রহণ করতে হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২০. ২৮, ২৫, ২৭, ১৪, ৭, ৯ এর পরিসর কত?**
ক ২০ খ ২১ গ ২২ ঘ ২৩

**২১. করণ শিক্ষণ হলো–**
i. বলবৃদ্ধির ফলে প্রতিক্রিয়ার প্রবণতা বেড়ে যাওয়া
ii. নির্দেশিত পথে কাজ করলে পুরস্কার পাওয়া
iii. প্রেষণা ছাড়াই শিক্ষণ হওয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২২. বৈজ্ঞানিক পদ্ধতি বলতে কোন পদ্ধতিকে বোঝায়?**
ক পর্যবেক্ষণ খ জরিপ
গ পরিসংখ্যান ঘ পরীক্ষণ

**২৩. শেলডনের মতবাদ অনুযায়ী কোন শ্রেণির লোকেরা খেলাধুলা পছন্দ করে এবং অন্যের উপর কর্তৃত্ব প্রতিষ্ঠা করতে চায়?**
ক এনডোমরফিক খ মেসোমরফিক
গ একটোমরফিক ঘ সোমাটোটনিক

**২৪. ওয়েসলার প্রণীত শিশুদের বুদ্ধি অভীক্ষা হলো–**
i. WISC
ii. WAIS
iii. WPPS
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২৫. অহমকে প্রধান কার্যনির্বাহী বলার কারণ–**
i. এটি ব্যক্তির বাস্তবভিত্তিক কার্যক্রম নির্ধারণ করে
ii. এটি আদিসত্তা ও অতি অহমের মধ্যে সমন্বয় সাধন করে
iii. এটি নৈতিক নীতি দ্বারা পরিচালিত হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

# সকল বোর্ড ২০১৭

বিষয় কোড : 1 2 4

সময়–২৫ মিনিট

## মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–২৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. "কোনো কিছুর পক্ষে বা বিপক্ষে যাবার প্রস্তুতিই মনোভাব" সংজ্ঞাটি কার?**
ক) আলপোর্ট
খ) হামিদা আখতার
গ) মারফি ও নিউকম্ব
ঘ) জিম্বার্ডো

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও:**
রিনা ও মিনা দুই বান্ধবী। দু'জনেই গবেষণাকর্ম নিয়ে ব্যস্ত। রিনা বর্তমানে সামাজিক সমস্যা নিয়ে কাজ করছে। তার জন্য বিভিন্ন স্থানের লোকজনের কাছ থেকে পূর্ব নির্ধারিত প্রশ্নপত্রের মাধ্যমে তথ্য সংগ্রহ করছে। অপরদিকে মিনা তার গবেষণায় খুবই নিয়ন্ত্রিত পরিবেশে তথ্য সংগ্রহ করছে।

**২. রিনা যে পদ্ধতির মাধ্যমে তথ্য সংগ্রহ করছে তা হলো–**
ক) পরীক্ষণ  খ) পর্যবেক্ষণ
গ) জরিপ  ঘ) চিকিৎসা

**৩. মিনা যে পদ্ধতি ব্যবহার করছে তার বৈশিষ্ট্য হলো–**
i. পরীক্ষণটি পুনরাবৃত্তি করা যায়
ii. তথ্যের যাচাই-বাছাই করা যায়
iii. চলের নিয়ন্ত্রণ করা যায়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

**৪. পরীক্ষণে গবেষক প্রাণীর আচরণের উপর কোন চলের প্রভাব দেখতে চান?**
ক) অনির্ভরশীল  খ) নির্ভরশীল
গ) মধ্যবর্তী  ঘ) বাহ্যিক

**৫. $Q_1$ = ৪৭ ও $Q_3$ = ৬৩ হলে চতুর্থক ব্যবধান কত?**
ক) ৫  খ) ৬
গ) ৭  ঘ) ৮

**৬. আদর্শ বিচ্যুতির বর্গ করলে যা পাওয়া যায় তার নাম–**
ক) ভেদাংক  খ) পরিসর
গ) গড় বিচ্যুতি  ঘ) চতুর্থাংশ বিচ্যুতি

**৭. জরুরি ভিত্তিতে অনেক লোক নিয়োগের ক্ষেত্রে কোন অভীক্ষা প্রয়োগ করা হয়?**
ক) বিনে-সিমো  খ) স্ট্যানফোর্ড বিনে
গ) আর্মি-আলফা  ঘ) ওয়েকসালার

**৮. যুক্তি দেখানো মনোভাবের কোন ধরনের উপাদান?**
ক) অনুভূতিমূলক  খ) ক্রিয়াগত
গ) ধনাত্মক  ঘ) অবহিতিমূলক

**৯. সমাজ বিজ্ঞানী Edward Spranger মূল্যবোধকে কয় ভাগে ভাগ করেছেন?**
ক) ৪  খ) ৫
গ) ৬  ঘ) ৭

**১০. থার্সটোন মানকের উক্তিগুলিকে কিভাবে বিন্যস্ত করা হয়?**
ক) A – H  খ) A – K
গ) A – M  ঘ) A – Z

**১১.**



**চিত্রে কোন ধরনের আচরণ প্রকাশ পেয়েছে?**
ক) যৌন হয়রানি
খ) প্রথা বিরোধিতা
গ) আগ্রাসন
ঘ) আন্তঃব্যক্তিক আকর্ষণ

**১২. কোন পরিবারের শিশুরা অধিক সামাজিক হয়?**
ক) একক  খ) যৌথ
গ) ভগ্ন  ঘ) গ্রামীণ

**১৩. ১৪ বছর বয়সী তারেক তার থেকে বেশী বয়সের কোন প্রশ্ন উত্তর দিতে পারে না। তারেকের মানসিক বয় কত?**
ক) ১৬৫ মাস  খ) ১৬৭ মাস
গ) ১৬৮ মাস  ঘ) ১৯২ মাস

**১৪. কোন পরিসংখ্যানে নমুনা থেকে সমগ্রক সম্বন্ধে ধারণা করা যায়?**
ক) অনুমানমূলক  খ) পূর্বানুমানমূলক
গ) বর্ণনামূলক  ঘ) সমানুপাতিক

**১৫. ল্যাটিন "Persona" শব্দ এর অর্থ কী?**
ক) মুখমন্ডল  খ) মুখোশ
গ) শরীর  ঘ) ব্যক্তিত্ব

**১৬. কোন অভীক্ষাটি সংস্কৃতির প্রভাবমুক্ত নয়?**
ক) ভাষাগত  খ) কর্মসম্পাদনামূলক
গ) পাস এলং  ঘ) ব্লক ডিজাইন

■ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**
মানিক ও রানী দুইজন যমজ ভাইবোন। তাদের বর্তমান বয়স ১২ বছর। মানিক নিজের কাজ নিজে করতে পারলেও রানী তা পারে না। রানী তার সকল কাজের জন্য মায়ের উপর নির্ভর করে। মানিকের মানসিক বয়স ও প্রকৃত বয়স একই।

**১৭. মানিকের বুদ্ধ্যঙ্ক কত?**
ক) ১০০  খ) ১৯৫
গ) ২০০  ঘ) ২১০


SURE SUCCESS

**১৮. কার্ল ইয়ং কোন উপাদানের উপর ভিত্তি করে ব্যক্তিত্বের শ্রেণিবিন্যাস করেছেন?**
ক) মৌলিক সংরক্ষণ
খ) গৌণ সংরক্ষণ
গ) বস্তুগত সংরক্ষণ
ঘ) মানসিক সংরক্ষণ

**১৯. সম ব্যবধান বিশিষ্ট মানক কোনটি?**
ক) থার্সটোন ও কেভ
খ) লিকার্ট
গ) হাইডার
ঘ) বোগারডাস

**২০. সমবয়সীদের সাথে খেলাধুলার মাধ্যমে অর্জিত হয়–**
i. নেতৃত্ব
ii. দায়িত্ববোধ
iii. সহযোগিতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

**২১. নিচের চিত্রটি কোন ধরনের দ্বন্দ্ব নির্দেশ করে?**




ক) আকর্ষণ – আকর্ষণ
খ) আকর্ষণ – বিকর্ষণ
গ) বিকর্ষণ – বিকর্ষণ
ঘ) দ্বৈত আকর্ষণ – বিকর্ষণ

**২২. নিজের ব্যর্থতার জন্য অন্য ব্যক্তি বা বস্তুকে দায়ী করাকে বলে–**
ক) প্রতিক্রিয়া সংগঠন
খ) প্রত্যাবৃত্তি
গ) অপব্যাখ্যান
ঘ) প্রতিক্ষেপণ

**২৩. একটি ভাল প্রকল্পের বৈশিষ্ট্য হচ্ছে–**
i. প্রকল্পকে প্রমাণ সাপেক্ষ হতে হবে
ii. প্রকল্প নির্দিষ্ট হবে না
iii. প্রকল্প স্ববিরোধী হবে না
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

**২৪. বাহ্যিক চল নিয়ন্ত্রণের কৌশল কত প্রকার?**
ক) ২  খ) ৩
গ) ৫  ঘ) ৬

**২৫. মেদবহুল, গোলগাল ও খাট ব্যক্তিগণ নিচের কোন শ্রেণির?**
ক) এনডোমরফিক  খ) অ্যাথলেটিক
গ) অ্যাসথেটিক  ঘ) পিকনিক

# শীর্ষস্থানীয় কলেজসমূহের নির্বাচনি পরীক্ষার প্রশ্নপত্র

SURE SUCCESS

## রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

বিষয় কোড : | 1 | 2 | 4 |

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

### মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান—৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]


১ ▸ রাহুল দ্বাদশ শ্রেণির ছাত্র। ক্লাসে শিক্ষক বুদ্ধি পরিমাপের জন্য ১টি মানসিক অভীক্ষা প্রয়োগ শিখাচ্ছিলেন যেটি ১৯০৫ সালে প্রথম প্রণীত হয়েছিল। অভীক্ষাটি শ্রেণিতে নেহাল নামক ৪ বছরের শিশুর উপর প্রয়োগ করা হয়। নেহাল $5\frac{1}{2}$ বছরের প্রথম প্রশ্নের উত্তর দিতে পেরেছিল।

ক. মানসিক বয়স কী? ১
খ. মেধা ও সৃজনশীলতা কী ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে নেহালের বুদ্ধ্যঙ্ক নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে নেহালের উপর প্রয়োগকৃত অভীক্ষার সুবিধা ও অসুবিধা উল্লেখপূর্বক এর গুরুত্ব বর্ণনা কর। ৪

২ ▸ **দৃশ্যকল্প-১ :**




**দৃশ্যকল্প-২ :**





ক. প্রকৃত বয়স কী? ১
খ. বুদ্ধির ক্ষেত্রে মানসিক বয়স গুরুত্বপূর্ণ কেন? ২
গ. দৃশ্যকল্প-১ এ বুদ্ধির ক্ষেত্রে A ও B এর কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এর B ও C এর মতে বুদ্ধি প্রতিবন্ধীদের চিকিৎসা ব্যবস্থা সম্পর্কে আলোচনা কর। ৪

৩ ▸ **দৃশ্যকল্প-১ :** সাজিদ স্কুল জীবন থেকেই সৌন্দর্যপ্রিয়। সে বিশ্বাস করে— "A thing of beauty is a joy forever".
**দৃশ্যকল্প-২ :** জনাব মতিন সাহেব একেবারেই বিমূর্ত ধারণার অধিকারী। পরম সত্যকে উপলব্ধি করার প্রচণ্ড ইচ্ছা তার মধ্যে বিদ্যমান।

ক. মূল্যবোধ কী? ১
খ. পরিবার মূল্যবোধ গঠনে কীভাবে সাহায্য করে? ২
গ. দৃশ্যকল্প-১ অনুযায়ী সাজিদের মধ্যে কোন ধরনের মূল্যবোধ লক্ষণীয় ব্যাখ্যা কর। ৩
ঘ. মানব আচরণে মূল্যবোধের প্রভাব দৃশ্যকল্প-১ ও দৃশ্যকল্প-২ এর আলোকে বিশ্লেষণ কর। ৪

৪ ▸ **উদ্দীপক-১ :**




**উদ্দীপক-২ :** নবম শ্রেণির ফারহান এবার বার্ষিক পরীক্ষার ফলাফল দেখে খুবই হতাশ। সে বুঝতে পারলো যে তার পড়াশোনায় ঘাটতি ছিল। এবার সে খুব ভালোভাবে পড়াশোনার প্রস্তুতি নিল। অন্যদিকে ফারহান এর বড় বোন ফারাবী এবার মেডিকেলের ভর্তি পরীক্ষায় অকৃতকার্য হবার পর পরিস্থিতি বিবেচনায় বুঝলো ডাক্তারী পড়া তার দ্বারা হবে না। সে নতুন করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য নতুন উদ্যোমে পড়াশোনা শুরু করলো।

ক. কর্মভার কী? ১
খ. অবদমনকে কেন আত্মরক্ষামূলক কৌশল হিসেবে বর্ণনা করা হয়? ২
গ. উদ্দীপক-১ এ কোন বিষয়টির উল্লেখ রয়েছে? তার যেকোনো ১টি উৎস ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক-২ এ ফারহান ও ফারাবী মানসিক চাপ মোকাবেলার কোন কৌশলগুলো অবলম্বন করেছে? এগুলো কতটা যুক্তিযুক্ত বলে তুমি মনে কর। ৪


৫ ▸ **দৃশ্যকল্প-১ :**





**দৃশ্যকল্প-২ :** ইদানিং অফিসের কাজের চাপে সালমান সাহেবের কাজের প্রতি আগ্রহ কমে যাচ্ছে, মাঝে মাঝে ধৈর্য্যও থাকছে না। অপরদিকে কারখানার শ্রমিক সজলের ইদানিং মাথা ভার লাগে, শরীর অবশ লাগে।

ক. হতাশা কী? ১
খ. কর্মভার কীভাবে মানসিক চাপ সৃষ্টি করে? ২
গ. দৃশ্যকল্প-১ এ পরিলক্ষিত দ্বন্দ্ব উদাহরণসহ ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ যে সমস্যা পরিলক্ষিত হচ্ছে তা নিরসনের পদক্ষেপগুলো বর্ণনা কর। ৪

৬ ▸ **দৃশ্যকল্প-১ :**





**দৃশ্যকল্প-২ :**




ক. ব্যক্তিত্বের সংলক্ষণ কী? ১
খ. উভয়মুখী ব্যক্তিত্ব গুরুত্বপূর্ণ কেন? ২
গ. দৃশ্যকল্প-১ অনুযায়ী 'খ' ও 'গ' চিহ্নিত ব্যক্তির ব্যক্তিত্ব বৈশিষ্ট্যসমূহ ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যক্তিত্বের মূল্যায়নে দৃশ্যকল্প-২ এর 'ক' পদ্ধতির ব্যবহার ও গুরুত্ব আলোচনা কর। ৪


৭ ▸ **দৃশ্যকল্প-১ :**





**দৃশ্যকল্প-২ :** মনোবিজ্ঞানী জনাব কামাল তার গবেষণার জন্য সমান বৈশিষ্ট্যের দুটি দল নেন। তিনি জোড়-বিজোড় পদ্ধতিতে ২টি দলে পারীক্ষ নির্বাচন করেন।

ক. সমস্যা কী? ১
খ. ভালো প্রকল্পের ২টি বৈশিষ্ট্য লেখ। ২
গ. দৃশ্যকল্প-১ এর A পদ্ধতির সুবিধা ও অসুবিধাগুলো বর্ণনা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এর মনোবিজ্ঞানী জনাব কামাল তার পরীক্ষণে চল নিয়ন্ত্রণের যে দুটি কৌশল ব্যবহার করেছেন তা বিশ্লেষণ কর। ৪

৮ ▸ **দৃশ্যকল্প-১ :**




**দৃশ্যকল্প-২ :**




ক. ব্যক্তিত্ব কী? ১
খ. ক্রেৎসমার কিসের ভিত্তিতে ব্যক্তিত্বের শ্রেণিবিভাগ করেছেন? ২
গ. দৃশ্যকল্প-১ এর 'খ' ব্যক্তির ব্যক্তিত্বে যেসব বৈশিষ্ট্য ফুটে উঠেছে সেগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যমান-২ এর 'ক' ও 'খ' অভীক্ষাদ্বয়ের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

## ১৭ আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

বিষয় কোড : 1 2 4

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট


### মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ **বিষয়-১ :** মিলির বয়স ৭ বছর। সে ৮ বছরের উপযোগী সকল প্রশ্নের উত্তর দিয়ে ১০ বছর উপযোগী ৩টি ও ১১ বছরের ১টি প্রশ্নের সঠিক উত্তর দেয়।

**বিষয়-২ :**




ক. বুদ্ধির সংজ্ঞা দাও। ১

খ. বুদ্ধ্যঙ্ক নির্ণয়ে মানসিক বয়স প্রয়োজন কেন? ২

গ. বিষয়-১ হতে মিলির বুদ্ধ্যঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. বিষয়-২ হতে গ ও ঘ-এর মধ্যাকার পার্থক্য বিশ্লেষণ কর। ৪

২ ▸ একাদশ শ্রেণির ছাত্র তপন তার ব্যক্তিত্ব পরিমাপের জন্য মনোবিজ্ঞানীর কাছে গেল। মনোবিজ্ঞানী তাকে কিছু অস্পষ্ট ও দ্ব্যর্থবোধক ছবি দিয়ে গল্প রচনা করতে বললেন। ইমরান দশম শ্রেণিতে পড়ে। সে ক্লাসে দলনেতা। ইমরানের ভাই-ইরফান বেশ চিন্তাশীল এবং সামাজিক বোধের অভাব।

ক. ব্যক্তিত্বের সংজ্ঞা দাও। ১

খ. পূর্ব নির্ধারিত সাক্ষাৎকার বলতে কি বুঝায়? ২

গ. তপনের ব্যক্তিত্ব পরিমাপের পদ্ধতি ব্যাখ্যা কর। ৩

ঘ. ইমরান ও ইরফানের ব্যক্তিত্বের ধরনগুলো বিশ্লেষণ কর। ৪

৩ ▸ রফিক খুবই মেধাবী। কিন্তু দুর্ভাগ্যবশত সে বুয়েটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা অর্জন করতে পারেনি। সে মানসিকভাবে ভেঙ্গে পড়েছে। তার বড় ভাই শফিক একজন ব্যাংক কর্মকর্তা। তাকে অফিসে প্রচুর কাজ করতে হয়। বাসায় ফিরে প্রায়ই ক্লান্তি, মাথা ব্যথায় ভোগে এবং কোন কাজে ধৈর্য্য থাকে না।

ক. মানসিক চাপের সংজ্ঞা দাও। ১

খ. ত্রুটিপূর্ণ পারিবারিক পরিবেশ কিভাবে মানসিক চাপ সৃষ্টি করে? ২

গ. রফিকের মধ্যে যে মানসিক চাপের সৃষ্টি হয়েছে তার উৎসগুলো বর্ণনা কর। ৩

ঘ. শফিকের মানসিক চাপ নিরসনের উপায়গুলো বর্ণনা কর। ৪

৪ ▸ বাবা-মা-এর আদর্শে গড়ে উঠা শিবলি সমাজে আজ প্রতিষ্ঠিত। আত্মীয়-স্বজন বন্ধু-বান্ধব সবাই তার প্রশংসা করে।


ক. মূল্যবোধের সংজ্ঞা দাও। ১

খ. মূল্যবোধকে সমাজের চালিকাশক্তি বলা হয় কেন? ২

গ. শিবলির মূল্যবোধ গঠনের মাধ্যম ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত মাধ্যম ছাড়া অন্যান্য মাধ্যমগুলো ব্যাখ্যা কর। ৪

৫ ▸





ক. চলের সংজ্ঞা দাও। ১

খ. চলের নিয়ন্ত্রণ বলতে কি বুঝায়? ২

গ. উদ্দীপকে 'গ' চিহ্নিত অংশটি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে 'ঘ' ও 'ঙ' চিহ্নিত অংশটি ব্যাখ্যা কর। ৪

৬ ▸




ক. সমস্যা কি? ১

খ. জরিপ পদ্ধতি বলতে কি বুঝায়? ২

গ. উদ্দীপকে 'ক' চিহ্নিত অংশটি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে 'খ' ও 'গ' চিহ্নিত অংশটি ব্যাখ্যা কর। ৪

৭ ▸ জনাব সোহেল সব সময় নিজের পরিচিতি খুঁজে বেড়ায় এবং অন্যের সাথে নিজের পার্থক্য খুঁজে। বিপ্লব মানুষের সঙ্গে বন্ধুত্ব ও প্রীতির সম্পর্ক গড়ে তুলতে পারে। মানুষের প্রতি তার প্রবল ভালোবাসা। বিপ্লব আবার আধ্যাত্মিক প্রকৃতির। তিনি তার গ্রামের বাড়িতে একটি দৃষ্টিনন্দন মসজিদ নির্মাণ করেছেন।

ক. মূল্যবোধগুলো কি কি? ১

খ. মূল্যবোধের বৈশিষ্ট্যগুলো কি কি? ২

গ. জনাব সোহেলের মূল্যবোধ ব্যাখ্যা কর। ৩

ঘ. বিপ্লবের মধ্যে যে সকল মূল্যবোধ রয়েছে সেগুলো ব্যাখ্যা কর। ৪

৮ ▸ সাবিনা অষ্টম শ্রেণিতে পড়ে। তার ভালো-মন্দের বিচার ক্ষমতা কম এবং পড়াশুনায়ও তেমন মনোযোগ নাই। তার বুদ্ধ্যংক পরিমাপ করে দেখা গেল সাবিনার বুদ্ধ্যংক ৬০।

ক. মেধা কি? ১

খ. সৃজনশীলতা বলতে কী বুঝায়? ২

গ. বুদ্ধ্যংক অনুযায়ী সাবিনাকে কি বলা যায়? তার কারণগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. বুদ্ধ্যংক অনুযায়ী সাবিনা যে ধরনের বুদ্ধিসম্পন্ন বলা হয় তাদের জন্য করণীয় হতে পারে বলে তুমি মনে কর। সেগুলো ব্যাখ্যা কর। ৪

SURE SUCCESS

## ১৮ ✔ ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

বিষয় কোড : 1 2 4


সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

### মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸




ক. ওয়েশলারের প্রদত্ত বুদ্ধির সংজ্ঞা দাও। ১

খ. [?] চিহ্নিত বিষয়টির ২টি প্রতিরোধমূলক ব্যবস্থা লেখ। ২

গ. "C" বিভাগটির বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. "A" বিভাগটির মানসিক বয়স, বুদ্ধ্যঙ্ক এবং বৈশিষ্ট্য উল্লেখপূর্বক আলোচনা কর। ৪

২ ▸ লাবণীর উপর প্রয়োগকৃত অভীক্ষাটির ১ম, ২য় ও ৩য় সংস্করণ হয় যথাক্রমে ১৯০৫, ১৯০৮ ও ১৯১১ সালে। নাদিয়ার বয়স ৫ বছর ২ মাস। সে ৪ বছর ৬ মাসের সবগুলো প্রশ্নের উত্তর দিতে পারলো। এরপর ৫ বছরের ৪টি, ৬ বছরের ৪টি, ৭ বছরের ২টি প্রশ্নের উত্তর দিতে পারলেও ৮ বছরের কোনো প্রশ্নের উত্তর দিতে পারলো না।


ক. AGCT-এর পূর্ণরূপ কী? ১

খ. ওয়েশলারের বুদ্ধি অভীক্ষার কার্যসম্পাদনমূলক মানকে কয়টি উপ-অভীক্ষা রয়েছে? ও কী কী? ২

গ. লাবণীর উপর প্রয়োগকৃত অভীক্ষাটি ব্যাখ্যা কর। ৩

ঘ. নাদিয়ার বুদ্ধ্যঙ্ক নির্ণয় করে সে কোন ধরনের বুদ্ধিমত্তা সম্পন্ন তা বর্ণনা কর। ৪

৩ ▸





ক. "বাস্তবমুখী' মৌলিক সংলক্ষণ হলে এর বিপরীত সংলক্ষণ কী হবে? ১

খ. গুরুত্বের দিক দিয়ে আলপোর্টের ব্যক্তিত্বের সংলক্ষণের শ্রেণিবিভাগ লেখ। ২


গ. "B" চিহ্নিত অভীক্ষাটি ব্যাখ্যা কর। ৩

ঘ. ছক ২-এর "ক" ও "খ" এর মধ্যে পার্থক্য নির্ণয় কর। ৪

৪ ▸ **দৃশ্যকল্প-১ :**




**দৃশ্যকল্প-২ :**




ক. মানসিক চাপের সংজ্ঞা দাও। ১

খ. শারীরিক প্রতিবন্ধকতা কীভাবে হতাশার সৃষ্টি করে?—ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এর দ্বন্দ্বটি ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ কর্মভার নিরসনে A ও B কৌশলের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৫ ▸ শওকত সাহেব প্রমোশন না পেয়ে বাড়িতে গিয়ে তার নিরপরাধ স্ত্রী, সন্তানের উপর অহেতুক ক্রোধ প্রকাশ করেন। রেহানা "Mental Health Matters" একটি অনুষ্ঠান থেকে জানতে পারলো যে মনোবিজ্ঞানীদের মতে পিতা-মাতার উচ্চাশা, স্নেহ, ভালোবাসার বঞ্চনা, শৈশবে মানসিক আঘাত, বেকারত্ব এসবের কারণে ব্যক্তির মধ্যে চাপ তৈরি হয়। যার ফলে ব্যক্তি সঠিক আচরণ প্রদর্শনে ব্যর্থ হয়।

ক. কোন মনোবিজ্ঞানী প্রথম আত্মরক্ষামূলক কৌশলের কথা বলেছেন? ১

খ. "শিল্প কারখানার অতিরিক্ত কাজের সাথে কোন ধরনের কর্মভার অধিক সম্পর্কিত?"– ব্যাখ্যা কর। ২

গ. শওকত সাহেবের আত্মরক্ষামূলক-কৌশলটি ব্যাখ্যা কর। ৩

ঘ. রেহানার জানতে পারা চাপমূলক পরিস্থিতিগুলোর সাথে তুমি কী একমত? তোমার পাঠ্যবইয়ের আলোকে আলোচনা কর। ৪

৬ ▸ মালিহা অহনা ও যুঁথি তিনজন সহপাঠী। মালিহা সহজ সরল জীবন যাপন করে। সে সৃষ্টি জগতের রহস্য খুঁজে বেড়ায় এবং স্রষ্টার প্রতি সবসময় কৃতজ্ঞতা প্রকাশ করে। অহনা ও যুঁথি মার্কেটে জামা কিনতে গেলে অহনা জামার দাম, ফেব্রিক এবং আরামদায়ক কি-না খেয়াল করে। অন্যদিকে যুঁথি জামার রং ও নকশাকে প্রাধান্য দেয়।


ক. সামাজিক মূল্যবোধ কী? ১

খ. মনোভাব ও মতামতের দুইটি পার্থক্য লেখ। ২

গ. মালিহার মধ্যে কোন ধরনের মূল্যবোধের প্রকাশ ঘটেছে?– ব্যাখ্যা কর। ৩

ঘ. "অহনা ও যুঁথির মূল্যবোধের মধ্যে ভিন্নতা রয়েছে"–উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৭ ▸ ড. মাহবুব সামাজিক সংঘর্ষ, বিবাহ বিচ্ছেদ, দাঙ্গার উপর একটি গবেষণা পরিচালনা করে। অপরদিকে তার সহকর্মী ড. রাসেল শিশুর আচরণের খুঁটিনাটি দিক নিয়ে গবেষণা করেন। এজন্য তিনি টেপরেকর্ডার ও ক্যামেরার সাহায্য নেন।





ক. প্রকল্প কী? ১

খ. জ্ঞানের অভাবকে সমস্যার উৎস বলা হয় কেন? ২

গ. "A" চলটি বর্ণনা কর। ৩

ঘ. ড. মাহবুব ও ড. রাসেলের গবেষণায় ব্যবহৃত পদ্ধতি দুটির বিবরণ দাও। ৪

৮ ▸




ক. গবেষণার সংজ্ঞা দাও। ১

খ. পরীক্ষণ পদ্ধতিকে বৈজ্ঞানিক পদ্ধতি বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. চল্ নিয়ন্ত্রণে "অ" কৌশলটি ব্যাখ্যা কর। ৩

ঘ. চল্ নিয়ন্ত্রণে "ই" ও "ঈ" কৌশলের ভূমিকা বর্ণনা কর। ৪

SURE SUCCESS

## ১৯ ✔ হলি ক্রস কলেজ, ঢাকা

বিষয় কোড : 1 2 4

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

### মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸

বুদ্ধির ক্ষেত্রে আন্তঃ ব্যক্তিক পার্থক্যের কারণ

(ক) (খ)

ক. বুদ্ধি কী? ১

খ. ব্যক্তিভিত্তিক বুদ্ধি অভীক্ষায় কী করা হয়? ২

গ. মানববুদ্ধিতে 'ক' ও 'খ' এর প্রভাব ব্যাখ্যা কর। ৩

ঘ. আন্তঃব্যক্তিক পার্থক্য ছাড়াও বুদ্ধির ক্ষেত্রে আরেক ধরনের পার্থক্য দেখা যায়– তোমার পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

২ ▸ রাজিব ও সুমনের বুদ্ধি পরীক্ষা করা হবে। রাজিবের ক্ষেত্রে লিখিত ও মৌখিকভাবে উত্তর দেয়া যায় এমন ধরনের অভীক্ষা ব্যবহার করা হলো। আর সুমনের ক্ষেত্রে হাত ও পায়ের সাহায্যে সমস্যার সমাধান করা যায় এমন অভীক্ষা ব্যবহার করা হলো।

ক. বুদ্ধি প্রতিবন্ধিতা কী? ১

খ. বুদ্ধ্যঙ্ক কীভাবে নির্ণয় করা যায়? ২

গ. রাজিবের ক্ষেত্রে যে ধরনের অভীক্ষা ব্যবহার করা হয়েছে, সে রকম একটি অভীক্ষা বর্ণনা কর। ৩

ঘ. সুমনের ক্ষেত্রে যে ধরনের অভীক্ষা ব্যবহার করা হয়েছে সে রকম একটি অভীক্ষা বর্ণনা করে রাজিবের অভীক্ষার সাথে পার্থক্য দেখাও। ৪

৩ ▸

ব্যক্তিত্ব পরিমাপ অভীক্ষা

(ক) — ১০টি কালির ছাপ বিশিষ্ট কার্ড ব্যববহার করা হয়।

(খ) — প্রত্যক্ষ কথোপকথনের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়।

ক. ব্যক্তিত্ব কী? ১

খ. পরিস্থিতিমূলক অভীক্ষায় কী করা হয়? ২

গ. ব্যক্তিত্ব পরিমাপে ব্যবহৃত 'ক' অভীক্ষাটি বর্ণনা কর। ৩

ঘ. 'খ' অভীক্ষাটি বর্ণনা করে বল 'ক' এবং 'খ' এর মধ্যে কোন অভীক্ষাটি ব্যক্তিত্ব পরিমাপে বেশি উপযুক্ত? ৪

৪ ▸ **দৃশ্যকল্প-১ :**

কর্মভারের প্রকারভেদ

(ক) (খ)

**দৃশ্যকল্প-২ :**

হতাশার উৎস

(ক) (খ) (গ)

ক. মানসিক চাপ কী? ১

খ. আকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্বে কী হয়? ২

গ. দৃশ্যকল্প-১ এর প্রকারভেদ উল্লেখ করে এটি নিরসনের কৌশলসমূহ বর্ণনা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর উৎসসমূহ উদাহরণসহ বর্ণনা করে বল হতাশাজনক পরিস্থিতিতে তুমি কী করবে? ৪

৫ ▸ রুমানা সবকিছুতেই সৌন্দর্য খুঁজে বেড়ায়। সে ছবি আঁকে, গান গায়। তার বাবা আবদুর রশিদ সাহেব একজন আদর্শ শিক্ষক। তিনি গ্রামের সকল মানুষকে ভালোবাসেন এবং বিপদে সাহায্য করেন। তিনি নিজের কথা কখনো চিন্তা করেন না। তিনি নিজ জমিতে ও নিজ উদ্যোগে মসজিদ প্রতিষ্ঠা করেছেন যেখানে তিনি নিয়মিত ধর্মচর্চায় অংশগ্রহণ করেন।

ক. মূল্যবোধ কী? ১

খ. বিদ্যালয় কীভাবে মূল্যবোধ গঠনে সাহায্য করে? ২

গ. রুমানার মূল্যবোধ বর্ণনা কর। ৩

ঘ. আবদুর রশিদ সাহেবের মধ্যে একাধিক মূল্যবোধ লক্ষণীয়– এ ব্যাপারে তোমার মতামত দাও। ৪

৬ ▸ মনোবিজ্ঞানের গবেষণাকার্যে কয়েকটি বিষয় লক্ষণীয়–

(১) কোন পরীক্ষণ পরিকল্পনার জন্য গবেষককে কয়েকটি ধাপ অনুসরণ করতে হয়।

(২) মনোবিজ্ঞানীরা যখন গবেষণা করেন তখন তারা বিভিন্ন পদ্ধতিতে তথ্য ও উপাত্ত সঙ্গংগ্রহ করে থাকেন। তার মধ্যে একটি পদ্ধতি আছে, যেখানে পরীক্ষক একটি চল প্রয়োগ করে দেখেন, আরেকটি চলে কোন পরিবর্তন হয় কী না?

ক. প্রকল্প কী? ১

খ. 'অবস্থার সমতা, কৌশলটি কীভাবে ব্যবহার করা হয়? ২

গ. উদ্দীপকের '১' এর বিষয়টি বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের '২' এ কোন পদ্ধতির কথা বলা হয়েছে। এটিকে বিজ্ঞানসম্মত পদ্ধতি বলার কারণ কী? মতামত দাও। ৪

৭ ▸

চলের শ্রেণিবিভাগ

(ক) (খ) (গ) (ঘ)

অনির্ভরশীল

ক. সমস্যা কী? ১

খ. ভালো প্রকল্পের দুটি বৈশিষ্ট্য লেখ। ২

গ. উদ্দীপকের 'খ' ও 'গ' চলকের উদাহরণসহ বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের 'ঘ' চলটি বর্ণনা কর এবং এ চলটি নিয়ন্ত্রণে কীভাবে দৈব চয়ন কৌশলটি ব্যবহার করা হয় বুঝিয়ে লেখ। ৪

## ২০ ঢাকা সিটি কলেজ

বিষয় কোড : 1 2 4

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট **মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ আন্তঃকলেজ মেধা প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ১৪ বৎসর ৮ মাস বয়সী কলেজ ছাত্র সজীব ও রিয়াদের মধ্যে একজনকে নির্বাচনের জন্য তাদের উপরে বুদ্ধি অভীক্ষা প্রয়োগ করা হয়। অভীক্ষণে সজীবের মানুসিক বয়স নির্ণীত হয় ১৫ বৎসর ২ মাস। অপরদিকে রিয়াদের বুদ্ধি অভীক্ষায় প্রাপ্ত মৌলিক মানসিক বয়স হয় ১৪ বৎসর। সে ১৫ বৎসরের ৪টি, ১৬ বৎসরের ২টি, ১৭ বৎসরের ১টি প্রশ্নের উত্তর করতে পারে। বুদ্ধ্যংক নির্ণয়ের শেষে সজীব বেশ চটপটে ও প্রত্যুৎপন্নমতি বলে সার্বিক বিবেচনায় তাকে নির্বাচিত করে প্রতিযোগিতায় প্রেরণ করা হয় এবং সে ৩য় স্থান অধিকার করে। কিন্তু রিয়াদ মনে করে তাকে প্রেরণ করলে সে আরো ভালো ফলাফল করতে পারতো।

ক. বুদ্ধি কী? ১
খ. দলগত অভীক্ষার প্রয়োজন হয় কেন? ২
গ. রিয়াদের বুদ্ধ্যংক নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত আন্তঃকলেজ মেধা প্রতিযোগিতায় সজীবের পরিবর্তে রিয়াদকে প্রেরণ করলে ফলাফল কী আরো ভালো হতে পারতো? তোমার মতামত দাও। ৪

২ ▶ **দৃশ্যকল্প-১ :** ১০ বৎসর বয়সি স্কুল ছাত্র মাহিন লেখাপড়ায় তেমন ভালো ফলাফল করতে পারছে না। তবে সে অন্যের উপর নির্ভরশীল নয়। সে নিজের কাজ নিজে করতে পারে। তাকে প্রশিক্ষণ দিলে সে তা গ্রহণ করতে পারে। গান-বাজনাও অল্প-স্বল্প করতে পারে।

**দৃশ্যকল্প-২ :** জনি ও রকি দুই ভাই। জনি সাবলিল ভাষায় কথা বলে, লেখাপড়াতেও ভালো। বিভিন্ন শিক্ষা সহায়ক কার্যক্রম ও বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। অন্যদিকে রকি লেখাপড়ায় তেমন উন্নতি করতে পারেনি। ভাষাগত দক্ষতা কম। তবে কম্পিউটার, ইন্টারনেটসহ বিভিন্ন প্রযুক্তিগত কাজে বেশ পারদর্শী।

ক. বুদ্ধ্যংক কী? ১
খ. মেধা ও সৃজশীলতা এক নয় কেন? ২
গ. দৃশ্যকল্প-১ অনুযায়ী মাহিন কোন শ্রেণির বুদ্ধি প্রতিবন্ধি? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ জনি ও রকির বুদ্ধি নির্ণয়ের ক্ষেত্রে কোন কোন অভীক্ষা প্রযোজ্য? তাদের তুলনামূলক আলোচনা কর। ৪


৩ ▶ মিজান সাহেব একজন শিক্ষিত ব্যক্তি। তিনি জীবনের উৎস ও সত্য সম্বন্ধে জানতে চান। জগতের বিচিত্র বিষয় উপলব্ধি করার ও জানার প্রচণ্ড ইচ্ছা তাকে সর্বদা পরীক্ষা-নিরীক্ষার দিকে ধাবিত করে। অন্যদিকে রহিম সাহেবের বাবা জনাব করিম খুব হিসাব করে জীবন যাপন করেন। সে যেকোনো পরিস্থিতিতে কোনটি প্রয়োজনীয় এবং কোনটি অপ্রয়োজনীয় তা চিন্তা করে চলেন। অনেকে তাকে কৃপন ভাবে। রহিম সাহেব যে অঞ্চলে বসবাস করে সেখানে ব্যবসায়ী লোকের বসবাস। তারা কোন দ্রব্য ক্রমে বস্তুর চাকচিক্য ও জাকজমকের চাইতে বস্তুটির ব্যবহার লাভজনক হবে কিনা তার উপর বেশি জোর দেয়। তা দেখে রহিম সাহেবও একজন হিসাবী ও মিতব্যয়ী হিসাবে বেড়ে উঠে।

ক. মূল্যবোধ কী? ১
খ. মূল্যবোধকে সমাজের চালিকা শক্তি বলা হয় কেন? ২
গ. রহিম সাহেবের মূল্যবোধ গঠনের মাধ্যম গুলি কী কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মিজান সাহেব ও করিম সাহেবের মূল্যবোধের মধ্যে কোনো পার্থক্য আছে কী? আলোচনা কর। ৪

৪ ▶ রিয়া খুব সহজেই উৎফুল্ল হয়, দেখতে ছোট-খাট গোলগাল ও মেদবহুল শরীরের অধিকারী। রিয়া আবেগকে স্বতঃস্ফূর্তভাবে প্রকাশ করে। সে সামাজিক। লিমা বাইরে বেড়াতে খুব পছন্দ করে ও অন্যের সাথে মিশে আনন্দ করতেও তার ভালো লাগে। সে সামাজিক কর্মকাণ্ডে সক্রিয় অংশগ্রহণ করে ও যেকোনো পরিবেশে খাপ খাইয়ে চলতে পারে। অন্যদিকে, তার বোন নিশা বাইরের বস্তুর প্রতি উদাসীন এবং কোলাহল একেবারেই পছন্দ করে না। একা একা ও চুপচাপ থাকতে তার ভালো লাগে। সে সৃষ্টিশীল কাজে বেশ পারদর্শী।


ক. MMPI অভীক্ষায় মোট কয়টি প্রশ্ন থাকে? ১
খ. বাহ্যিক সংলক্ষণ গুরুত্বপূর্ণ কেন? ২
গ. ক্রেৎসমারের মতবাদ অনুযায়ী রিয়া কোন ধরনের ব্যক্তিত্বের অধিকারী? ৩
ঘ. লিমা এবং তার বোন নিশার ব্যক্তিত্বের তুলনামূলক আলোচনা কর। ৪

৫ ▶





ক. ব্যক্তিত্ব কী? ১
খ. শেলডনের শারীরিক গঠন মতবাদটি বিজ্ঞানসম্মত নয় কেন? ২
গ. উদ্দীপকে বর্ণিত ক-এর অন্তর্ভুক্ত যে কোন একটি অভীক্ষা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ক ও খ-এর অন্তর্ভুক্ত পদ্ধতির তুলনামূলক মূল্যায়ন কর। ৪

৬ ▶ **দৃশ্যকল্প-১ :**





**দৃশ্যকল্প-২ :**




ক. মানসিক চাপ কী? ১
খ. শৈশবকালে স্নেহ-ভালবাসার বঞ্চনা কীভাবে মানসিক চাপের সাথে সম্পর্কিত? ২
গ. দৃশ্যকল্প-১ এ ব্যক্তির ক্ষেত্রে সৃষ্ট ঘটনাটি কী? এর উৎসসমূহ ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ ক-এর সাবা ও দৃশ্যকল্প-২ খ-এর সাকিবের দ্বন্দ্বের ধরন বিশ্লেষণ কর এবং কোনটি অধিক জটিল তা তুলনামূলক আলোচনা কর। ৪

৭ ▶ **দৃশ্যকল্প-১**




**দৃশ্যকল্প-২ :** মিজান অফিস সহকারী। কিছুদিন হলো অফিসে সকলের মুখে তার দুর্নীতির কথা শোনা যাচ্ছে। এ বিষয়ে তার বক্তব্য হলো অন্যরা দুর্নীতি করে তাই আমিও করি। অন্যদিকে করিম তার ঘনিষ্ঠ বন্ধুর সাথে হঠাৎ মারামারি করে। পরে সে বুঝতে পারে কাজটি ঠিক হয়নি। ঘটনাটি বন্ধু মহলে জানাজানি হলে সে লজ্জায় পড়বে এতে সে চরমভাবে অনুশোচনায় ও মনোকষ্টে ভোগে। তাই সে বিষয়টি জোর করে ভুলে যেতে চায় এবং ভুলে যায়।

ক. দ্বন্দ্ব কী? ১
খ. কর্মক্ষেত্রে মানসিক কর্মভার গুরুত্বপূর্ণ কেন? ২
গ. দৃশ্যকল্প-১ এ কর্মভার নিরসনে পদক্ষেপ 'খ' কী প্রভাব ফেলতে পারে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ মিজান ও করিমের গৃহীত প্রতিরক্ষা কৌশল কী? তার তুলনামূলক আলোচনা কর। ৪

৮ ▶ জনাব ইসহাক একজন মনোবিজ্ঞানের শিক্ষক। তিনি ছাত্রদের শিক্ষণের উপর গন্ডগোলের প্রভাব দেখার জন্য ক্লাসের ছাত্রদের জোড়-বিজোড় রোল নম্বর এর ভিত্তিতে সমান সংখ্যক ছাত্র দিয়ে 'ক' দল এবং 'খ' দল গঠন করেন। তিনি 'ক' দলকে গন্ডগোলযুক্ত পরিবেশে এবং 'খ' দলকে গন্ডগোলমুক্ত পরিবেশে দুটি ভিন্ন কক্ষে নির্দিষ্ট সময় পর্যন্ত কতগুলো অর্থহীন শব্দ তালিকা মুখস্ত করতে দেন। জনাব ইসহাক সাহেব পরীক্ষণ শুরুর পূর্বে গন্ডগোলযুক্ত পরিবেশের শিক্ষণ গন্ডগোলমুক্ত পরিবেশের শিক্ষণের তুলনায় কম হবে বলে মন্তব্য করেন। পরীক্ষণ শেষে প্রাপ্ত ফলাফল ইসহাক সাহেবের মতামতের সাথে মিলে যায়।

ক. সমস্যা কী? ১
খ. পরীক্ষণের প্রকল্প গুরুত্বপূর্ণ কেন? ২
গ. ইসহাক সাহেব গবেষণা পরিচালনায় যে পদ্ধতি প্রয়োগ করেছেন তার বৈশিষ্ট্যগুলি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ইসহাক সাহেব পরীক্ষণ পরিচালনায় চল নিয়ন্ত্রণের যে যে কৌশল অবলম্বন করেছেন সেগুলো আলোচনা কর। ৪

SURE SUCCESS

## ২২ সফিউদ্দিন সরকার একাডেমি এন্ড কলেজ, টঙ্গী, গাজীপুর


বিষয় কোড : 1 2 4

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট **মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ **দৃশ্যকল্প-১ :** আকাশের বয়স ১৬ বছর। তার মানসিক বয়স ৯ বছরের মতো। তার বিচারবিশ্লেষণ করার ক্ষমতা কম। তবে তার কোনো শারীরিক বৈকল্য নেই। সে অন্যের সাহায্য ছাড়াই জীবনযাপন করতে পারে।

**দৃশ্যকল্প-২ :**




ক. বুদ্ধির সংজ্ঞা দাও। ১
খ. মানসিক বয়স বলতে কী বুঝায়? ২
গ. দৃশ্যকল্প-২ এ 'গ' ধরনের বুদ্ধি প্রতিবন্ধিতার বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. আকাশের বুদ্ধি প্রতিবন্ধিতাকে কেন শিক্ষা লাভের যোগ্য বলে বিবেচনা করা হয়? তোমার মতামত দাও। ৪


২ ▶ মিলির বয়স ৭ বছর। তাকে স্কুলে ভর্তি করার জন্য টেস্ট নেয়া হলে সে ৭ বছরের উপযোগী সব প্রশ্নের উত্তর দিল। ৮ বছরের ৪টি ও ৯ বছরের ২টি প্রশ্নের উত্তর দিতে পারল। অপরদিকে শাহীন ও সাদিক দুই ভাই। শাহীন বরাবরই ক্লাসে প্রথম হয়। সাদিক মাঝারি ধরনের ফলাফল করে। সে এবার বিজ্ঞান মেলায় বিদ্যুৎ সাশ্রয়ী প্রযুক্তি উদ্ভাবন করে সবাইকে তাক লাগিয়ে দিয়েছে।

ক. বুদ্ধ্যঙ্ক কাকে বলে? ১
খ. বুদ্ধি পরিমাপে কার্যসম্পাদনী অভীক্ষা প্রয়োজনীয় কেন? ২
গ. মিলির বুদ্ধ্যঙ্ক নির্ণয় কর। ৩
ঘ. শাহীন ও সাদিককে মনোবিজ্ঞানের ভাষায় কী নামে আখ্যায়িত করা হয়? এদের বৈশিষ্ট্যের মধ্যে তুলনা কর। ৪

৩ ▶ রিফাত অনেকটা আত্মকেন্দ্রিক ও রক্ষণশীল। সে নতুন পরিবেশে সহজে অন্যের সাথে মিশতে পারে না। তার ছোট ভাই সিফাত খুব সক্রিয় ও স্বাধীনচেতা। সে সব কাজে অংশ নিতে চায়। অন্যের প্রয়োজনে সাহায্য করে। সিফাতের অস্থিরতা, চঞ্চলতা, মেজাজি প্রকৃতির কারণে তার মা চিন্তিত থাকে।


ক. ব্যক্তিত্ব কাকে বলে? ১
খ. ব্যক্তিত্বের সংলক্ষণ বলতে কী বুঝায়? ২
গ. রিফাতের ব্যক্তিত্বের বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩
ঘ. রিফাত ও সিফাতের আচরণগত পার্থক্যের মনোবৈজ্ঞানিক ব্যাখ্যা দাও। ৪

৪ ▶ হাসিব সাহেবের গার্মেন্টসে কিছু লোক নিয়োগ করার জন্য তাদের ব্যক্তিত্ব পরিমাপ করা প্রয়োজন। ম্যানেজার বললেন, আমরা প্রাচীনতম ও বহুল ব্যবহৃত পদ্ধতিটি ব্যবহার করতে পারি। তাহলে সামনা-সামনি বসিয়ে তাদের পর্যবেক্ষণ করা সম্ভব।





ক. পেপার পেন্সিল অভীক্ষা কী? ১
খ. ক্রেৎসমারের শারীরিক মতবাদটি বিজ্ঞানসম্মত নয় কেন? ২
গ. ম্যানেজার লোক নিয়োগের ক্ষেত্রে কোন পদ্ধতির কথা বলেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. A ও B অভীক্ষার মধ্যে পার্থক্য নির্ণয় কর। ৪

৫ ▶ সোমা রাজশাহীতে একটি বেসরকারি কোম্পানিতে উচ্চ বেতনে চাকরি করে। সম্প্রতি সে প্রত্যাশিত সরকারি চাকরি পেলেও কর্মস্থল বান্দরবানে হওয়ায় সে সংশয়ে আছে।




ক. হতাশা কী? ১
খ. মানসিক চাপ মোকাবিলা করা গুরুত্বপূর্ণ কেন? ২
গ. সোমার মধ্যে কোন ধরনের দ্বন্দ্বের উদ্ভব হয়েছে তা– ব্যাখ্যা কর। ৩
ঘ. মানব আচরণের উপর 'ক' ও 'খ' এর প্রভাব বিশ্লেষণ কর। ৪


৬ ▶ **দৃশ্যকল্প-১ :**




**দৃশ্যকল্প-২ :** রিয়াজ ভালোভাবে পড়লেখা করেনি বলে ফেল করেছে। কিন্তু সে এটা অস্বীকার করে বলতে থাকে শিক্ষকদের পক্ষপাতিত্ব তার পরীক্ষায় ফেলের জন্য দায়ী। অন্যদিকে আমিন পড়াশোনায় ভালো না। কিন্তু সে ফুটবল খেলায় পারদর্শিতা দেখিয়ে নিজের নৈপুণ্য প্রদর্শন করে।

ক. দ্বন্দ্বের সংজ্ঞা দাও। ১
খ. বিকর্ষণ-বিকর্ষণ দ্বন্দ্ব বলতে কী বুঝ? ২
গ. হতাশার উৎস হিসেবে B ও C ব্যাখ্যা কর। ৩
ঘ. রিয়াজ ও আমিনের ব্যবহৃত কৌশলগুলো বিশ্লেষণ কর। ৪


৭ ▶ **দৃশ্যকল্প-১ :**




**দৃশ্যকল্প-২ :** জনাব রহমান একজন দয়ালু ব্যক্তি। কিন্তু তার বন্ধু মিতব্যয়ী শাহেদ সাহেব সবকিছু টাকার মানদণ্ডে বিচার করেন। তার সন্তান তৃকি বিলাসী জীবনযাপন করতে পছন্দ করে।

ক. মূল্যবোধ কী? ১
খ. সমাজ ও কৃষ্টি কীভাবে মূল্যবোধ গঠনে সাহায্য করে? ২
গ. মূল্যবোধ গঠনের মাধ্যম হিসেবে 'ক' অংশটি ব্যাখ্যা কর। ৩
ঘ. শাহেদ সাহেবের মূল্যবোধ ও তৃকির মূল্যবোধের মধ্যে পার্থক্য আলোচনা কর। ৪

৮ ▶




ক. চল কাকে বলে? ১
খ. জ্ঞানের অভাবকে সমস্যার উৎস বলা হয় কেন? ২
গ. চল নিয়ন্ত্রণে 'খ' অংশটির গুরুত্ব আলোচনা কর। ৩
ঘ. চল নিয়ন্ত্রণে 'গ' ও 'ঘ' অংশের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

SURE SUCCESS

## ২৩ রাজশাহী কলেজ

বিষয় কোড : | 1 | 2 | 4 |

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট **মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ করিম সাহেব একজন ব্যবসায়ী। সে প্রচুর অর্থ উপার্জন করে। তার কাছে নৈতিকতার চেয়ে অর্থের মূল্য অনেক বেশি। অপরদিকে করিমের বন্ধু সুমন সাহেবও একজন ব্যবসায়ী। সেও অর্থ উপার্জনে বিশ্বাসী, তবে ধর্মীয় মূল্যবোধকে কেন্দ্র করে।

ক. মূল্যবোধ কী? ১
খ. মূল্যবোধ সমাজের চালিকা শক্তি ব্যাখ্যা কর। ২
গ. করিম সাহেবের মধ্যে কোন ধরনের মূল্যবোধের পরিচয় পাওয়া যায়। ব্যাখ্যা কর। ৩
ঘ. সুমন সাহেবের মূল্যবোধ কী অর্থনৈতিক না ধর্মীয়? উত্তরের সপক্ষে তোমার মত বিশ্লেষণ কর। ৪

২ ▶ **দৃশ্যকল্প-১ :** মনোবিজ্ঞানী ড. আব্দুস সাত্তার ১২ বছর বয়সের ষষ্ঠ শ্রেণির একজন ছাত্রের বুদ্ধি পরিমাপ করলেন। ছাত্রটির বুদ্ধ্যঙ্ক পাওয়া গেল ১২৫।

**দৃশ্যকল্প-২ :** নাসিফ বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স পরীক্ষায় কৃতিত্বের স্বাক্ষর রেখে ১ম স্থান দখল করেছে। সে বরাবরই বিভিন্ন পরীক্ষায় ১ম স্থান দখল করে থাকে। অন্যদিকে সমবয়সী বুয়েটের শিক্ষার্থী আফিফও বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স ফাইনাল পরীক্ষায় ১ম স্থান অধিকার করেছে। আফিফের নতুন নতুন গবেষণা ও আবিষ্কারের প্রতি প্রচণ্ড আকর্ষণ রয়েছে।

ক. মৌলিক মানসিক বয়স কী? ১
খ. বধির ব্যক্তির বুদ্ধি কী পরিমাপ করা যায়? ব্যাখ্যা কর। ২
গ. দৃশ্যকল্প-১ এ ছাত্রটির মানসিক বয়স কত? ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ নাসিফ এবং আফিফের মানসিক বৈশিষ্ট্যের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৩ ▶ **দৃশ্যকল্প-১ :** সোহান একটি বেসরকারি সংস্থায় চাকরি করে। সম্প্রতি সে প্রত্যাশিত সরকারি চাকরি পেলেও কর্মস্থল লালমনিরহাট হওয়ায় যোগদান করবে কিনা তা নিয়ে সংশয়ে আছে।

**দৃশ্যকল্প-২ :** রফিক ও শফিক দুই বন্ধু এইচএসসি পরীক্ষায় অকৃতকার্য হয়ে মানসিক চাপের সম্মুখীন হয়। অতঃপর রফিক পড়াশোনা বাদ দিয়ে মধ্যপ্রাচ্যের একটি দেশে কাজ করতে চলে যায়। অন্যদিকে শফিক বুঝতে পারে নিয়মিত পড়াশোনা না করার জন্য সে ফেল করেছে। তাই সে পুনরায় পড়াশোনায় মনোনিবেশ করে।

ক. হতাশা কী? ১
খ. কর্মভার বলতে কী বুঝায়? ২
গ. দৃশ্যকল্প-১ এ সোহান কোন প্রকার দ্বন্দ্বের সম্মুখীন হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ রফিক ও শফিক মানসিক চাপ মোকাবেলার একই না কি ভিন্ন কৌশল অবলম্বন করেছে? তোমার মতামত দাও। ৪

৪ ▶ রনি ও রাকিব দুই ভাই। রনি খুবই স্বাধীনচেতা, সক্রিয় ও সাহসী। সে বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডে অংশ নিতে পছন্দ করে। রাকিব ছিপ ছিপে লম্বা হালকা পাতলা গড়নের। সে আত্মকেন্দ্রিক এবং নির্জনতাপ্রিয়।

ক. ব্যক্তিত্ব কী? ১
খ. পৃথিবীর সকল মানুষই পরস্পর আলাদা কীভাবে? ২
গ. রাকিবের বৈশিষ্ট্যকে শেলডন মতবাদ কীভাবে ব্যাখ্যা করেছে? বর্ণনা কর। ৩
ঘ. রনি ও রাকিবের ব্যক্তিত্বকে কার্ল ইয়ুং কীভাবে ব্যাখ্যা করেছেন? বিশ্লেষণ কর। ৪


৫ ▶ শিশু রিহাতের বয়স ৭। তার চেহারায় বোকা ভাব। ঠিকমত কথা বলতে পারে না। বাবা-মা মনোচিকিৎসকের কাছে নিয়ে গেলে এক পর্যায়ে চিকিৎসক বলেন গর্ভাবস্থায় মায়ের ভাইরাসে আক্রান্ত হওয়ার দরুন শিশুর আচরণে অসঙ্গতি দেখা দিয়েছে। চিকিৎসক রিহাতের উন্নতির ক্ষেত্রে দুটি পরামর্শ দেন। প্রথমতঃ প্রশিক্ষণ প্রাপ্ত কর্মীর দ্বারা নিজের বাড়িতে রেখে রিহাতের বিশেষ চাহিদা পূরণে ও আদব-কায়দা শিখনের ব্যবস্থা নেওয়া। দ্বিতীয়ত : প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের সাথে রিহাতের সম্পর্ক স্থাপন ও প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া।

ক. বুদ্ধি বলতে কী বুঝায়? ১
খ. বিনে সিমো বুদ্ধি অভীক্ষাকে ব্যক্তিভিত্তিক বুদ্ধি অভীক্ষা বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. রিহাতের বুদ্ধি প্রতিবন্ধিতার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. রিহাতের উন্নতির ক্ষেত্রে দুটি ভিন্ন চিকিৎসা কৌশলের কথা বলা হয়েছে– বিশ্লেষণ কর। ৪


৬ ▶ রাশেদ ও আতিক মনোবিজ্ঞানের ছাত্র। তারা শিশুদের আচরণ নিয়ে গবেষণা করছে। রাশেদ শিশুর স্বাভাবিক আচরণ যাতে বিঘ্নিত না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রেখে স্বাভাবিক পরিবেশে শিশুর আচরণ অবলোকন করছেন। অন্যদিকে আতিক শিশুর আচরণ পর্যবেক্ষণের জন্য তাকে গবেষণাগারে নিয়ে আসেন এবং কিছু শর্ত প্রয়োজন অনুসারে বাড়িয়ে বা কমিয়ে তার আচরণ পর্যবেক্ষণ করেন। সবশেষে প্রাপ্ত উপাত্ত বিশ্লেষণ ও সরলীকরণের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. সমস্যা কী? ১
খ. পরীক্ষণকে বৈজ্ঞানিক পদ্ধতি বলা হয় কেন? ২
গ. রাশেদের ব্যবহৃত গবেষনা পদ্ধতির নাম লেখ এবং ব্যাখ্যা কর। ৩
ঘ. আতিকের ব্যবহৃত পদ্ধতি দুটো উল্লেখ কর এবং তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৭ ▶ **দৃশ্যকল্প-১ :**




**দৃশ্যকল্প-২ :**




ক. সংলক্ষণ কী? ১
খ. ক্রেৎসমারের শারীরিক গঠন মতবাদটি বিজ্ঞানসম্মত নয় কেন? ২
গ. দৃশ্যকল্প-১ এ 'খ' চিহ্নিত অংশটি ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ 'ক' ও 'খ' চিহ্নিত অভীক্ষাদ্বয়ের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৮ ▶ **দৃশ্যকল্প-১ :** মিজান সাহেব মনোবিজ্ঞানের শিক্ষক। যে সকল শিক্ষার্থী ১০০% ক্লাসে উপস্থিত থাকে তাদের তিনি পুরস্কার প্রদান করেন এবং লক্ষ্য করেন পুরস্কার প্রদান করলে শিক্ষার্থীদের উপস্থিতির হার বৃদ্ধি পায়।

**দৃশ্যকল্প-২ :** মাহি পরীক্ষণের জন্য সমান বৈশিষ্ট্যের ভিত্তিতে ১০ জন করে ২টি দলের উপর গবেষণা করে বাহ্যিক চল নিয়ন্ত্রণ করতে সক্ষম হয়। অন্যদিকে তার বন্ধু জয়া শব্দ নিয়ন্ত্রিত কক্ষ ব্যবহার করে সঠিক ফলাফল পায়।

ক. চল কী? ১
খ. পরীক্ষক কোন চলের প্রভাব দেখতে চান? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লেখিত 'পুরস্কার' কোন ধরনের চল? ব্যাখ্যা কর। ৩
ঘ. মাহি ও জয়া চল নিয়ন্ত্রণের পৃথক কৌশল প্রয়োগ করেছে–বিশ্লেষণ কর। ৪

## ২৪ ✓ রাজশাহী সরকারি সিটি কলেজ

বিষয় কোড : 1 2 4

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

### মনোবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৫০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ অনেক গবেষণার পর প্রখ্যাত মনোবিজ্ঞানী আলফ্রেড বিনে তাঁর সহকর্মী মনোচিকিৎসক থিওডোর সিমোঁ এর সহযোগীতায় ১৯০৫ সালে বুদ্ধি পরিমাপের একটি অভীক্ষা তৈরি করেন।

ক. প্রথম বুদ্ধি অভীক্ষা কী নামে পরিচিত? ১

খ. বুদ্ধ্যঙ্ক ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লেখিত বুদ্ধি অভীক্ষার বৈশিষ্ট্যসমূহ আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত অভীক্ষার সাথে কর্ম সম্পাদনমূলক অভীক্ষার পার্থক্য বর্ণনা কর। ৪

২ ▶ ওয়েকসলারের তৈরি বয়স্ক বুদ্ধি অভীক্ষাটি বহুল ব্যবহৃত ও কার্যকর বুদ্ধি পরিমাপ পদ্ধতি। বহুল ব্যবহৃত এই অভীক্ষাটি ১১টি উপ-অভীক্ষাতে বিভক্ত।

ক. বুদ্ধি কাকে বলে? ১

খ. বুদ্ধি প্রতিবন্ধিতার বৈশিষ্ট্যসমূহ উল্লেখ কর। ২

গ. বুদ্ধি প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগগুলো আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত অভীক্ষার উপ-অভীক্ষাগুলো বর্ণনা কর। ৪

৩ ▶ কলেজে পিঠা মেলার আয়োজন করা হয়েছে। মলি খুব আনন্দিত। কীভাবে স্টল সাজানো হবে, কী কী পিঠা বানানো হবে, মূল্য কত হবে, স্টলে কে কে থাকবে, কীভাবে সাজবে, স্যারদের সাথে আলোচনা এসব নিয়ে ব্যস্ত। পক্ষান্তরে জলি ঘরে বসে মজার মজার পিঠা তৈরি করল।

ক. গর্ডন ডব্লিউ আলপোর্ট— এর ব্যক্তিত্বের সংজ্ঞা দাও। ১

খ. অতি অহম (Super-ego) এর দুইটি বৈশিষ্ট্য লেখ। ২

